Not Receiver	87.19	86.00	92.58	90.01	92.37	73.78	85.44	91.20	94.70	94.08	97.61	75.31
Wealth Quintile Index												
Poorest	24.18	29.29	3.00	11.31	27.17	18.90	12.30	21.42	39.57	29.29	44.02	26.27
Poorer	22.49	25.84	7.48	14.67	31.02	21.20	16.99	25.53	25.20	25.96	25.05	20.77
Middle	21.16	22.10	14.22	20.39	20.66	23.77	23.60	23.24	17.66	21.26	14.21	15.98
Richer	18.55	15.61	27.43	27.73	13.14	19.58	26.15	19.01	11.90	15.07	10.45	17.45
Richest	13.62	7.17	47.86	25.90	8.01	16.55	20.97	10.79	5.67	8.41	6.28	19.53
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0

\* Water sources has not confirmed positive results through arsenic test considered as safe.

### ২.৩.১ পানীয় জলের উৎস

নিরাপদ পানীয় জলের প্রাপ্যতা যে কোনো সম্প্রদায়ের যে কোনো খানার সদস্যদের উন্নততর পরিচ্ছন্নতা ও সুস্বাস্থ্যের জন্য পূর্বশর্ত হিসেবে বিবেচিত হয়। কারণ নিরাপদ পানির প্রাপ্যতার সঙ্গে চর্মরোগ, তীব্র শ্বাসযন্ত্রের সংক্রমণ (এআরআই) ও অন্যান্য পানিবাহিত রোগ থেকে মুক্ত থাকার বিষয়টি ঘনিষ্ঠভাবে জড়িত। জরিপের ফলাফল বিশ্লেষণে দেখা যায়, জরিপ এলাকায় পানীয় জলের উৎস হিসেবে নলকূপের ব্যবহার ২০২০ সালের ৮৬.২ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২০২১ সালে ৮৫.৩২ শতাংশ হয়েছে। পল্লি অঞ্চলে সুপেয় পানির উৎস হিসেবে এ উৎসের ব্যবহার হয় ৯৩.৬০ শতাংশ খানার ক্ষেত্রে। এর বিপরীতে সিটি কর্পোরেশন এলাকার ২৭.১১ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরে ৭৬.৯৭ শতাংশ খানার ক্ষেত্রে উন্নততর পানির উৎসে অভিমুখিতা রয়েছে। আমাদের অনুসন্ধানে দেখা গেছে, সামগ্রিকভাবে নলকূপের পানির ব্যবহার এক বছরে ১ শতাংশ পয়েন্টের কম হারে হ্রাস পেয়েছে।

বিভিন্ন বিভাগের মধ্যে নলকূপের ব্যবহারের ক্ষেত্রে ব্যাপক ভিন্নতা রয়েছে। জরিপে দেখা যাচ্ছে, সবচেয়ে কম হারে নলকূপের ব্যবহার হয় ঢাকা বিভাগে ৭০.০৩ শতাংশ খানার ক্ষেত্রে। এ হার সবচেয়ে বেশি রংপুর বিভাগে ৯৭.৯৭ শতাংশ খানার ক্ষেত্রে। গত তিন বছরের চিত্র নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে দেখা যায়, খাবার পানি হিসেবে নলকূপের ব্যবহারের এ চিত্র উল্লিখিত সময়ে একই রকম হারে অবস্থান করেছে।

ট্যাপ কল/পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের ক্ষেত্রে শহর ও পল্লি জনপদের মধ্যে বিস্তারিত ব্যবধান বিদ্যমান। সামগ্রিকভাবে দেশে ১১.৬৯ শতাংশ খানায় পাইপলাইনের মাধ্যমে ট্যাপে পানি সরবরাহ করা হয়। এর মধ্যে সিটি কর্পোরেশন এলাকায় ৬৯ শতাংশ খানায়ই এ প্রক্রিয়ায় পানি সরবরাহ করা হয়। পৌরসভা/অন্যান্য শহরের ২০.৬ শতাংশ খানায় পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ করা হয়। আর পল্লি অঞ্চলের মাত্র ৩.৪০ শতাংশ খানায় এ পদ্ধতিতে পানি সরবরাহ হয়। পানীয় জলের অন্যান্য উৎসগুলো হলো সুরক্ষিত ও অরক্ষিত কূপ, পুকুর বা খাদ, নদী, খাল, ট্যাংকার-ট্রাক, রিভার্স-অসমোসিস প্ল্যান্ট এবং পানির এটিএম বুথ। এছাড়া বৃষ্টির পানি ও ২০২০ সালেও একই রকম ছিল। ঢাকার নগরজীবনে ঢাকা ওয়াসা কর্তৃক পরিচালিত পানির এটিএম বুথ পানীয় জলের উৎসে একটি নতুন মাত্রা যোগ করেছে। বর্তমানে খানা পর্যায়ে ০.৩৪ শতাংশ পানির সরবরাহ নিশ্চিত করেছে এ ব্যবস্থা। রিভার্স অসমোসিস প্ল্যান্ট উপকূলীয় এলাকায় সুপেয় পানির সরবরাহ নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ উৎস থেকে বরিশাল বিভাগে ০.৮৪ শতাংশ এবং খুলনা বিভাগে ২.১৩ শতাংশ পানির সরবরাহ নিশ্চিত হচ্ছে। এছাড়া দেশের ১ শতাংশেরও বেশি খানা ঝরনা/ছড়া/ঝিরি প্রভৃতি উৎস থেকে খাবার পানি সংগ্রহ করে থাকে।

### 2.3.1 Sources of Drinking Water

Access to safe drinking water is a pre-condition for ensuring better hygiene and health to the household members in any community as it is positively associated with several diseases that include, among others, skin disease, ARI and other waterborne diseases. The survey results show that in the area, the use of tube-well as a source of drinking water has declined from 86.2% in 2020 to 85.32% in 2021. The use of this source in rural area has been 93.60 percent. In contrast 27.11 percent of the city corporation areas and 76.97 percent in Paurashava/other urban households have access to this dominant improved source of water. Our investigation reveals that overall tube well water use has decreased by less than 1 percentage points in one year.

At the divisional level, tube-well use varies from as low as 70.03 percent in Dhaka division to as high as 97.97 percent in Rangpur division. A close view of these rates over the last three years reveals that there has been virtually no change in the levels and patterns in tube well water drinking rates.

The use of tap/piped (supply) water varies widely between urban spectrums and rural areas. With an overall use of 11.69 percent, the tap/piped water users account for about 69 percent in the city corporation areas, 20.6 percent in Paurashabha /other urban areas and only 3.40 percent in the rural areas. Other sources of drinking water are protected and unprotected wells, pond or ditch, river, canal, tanker-truck, reverse-osmosis plant, water ATM booth and rainwater which together comprise about 3 percent of the total use showing a negligible change since 2020. In the city life of Dhaka, water ATM booth, the new dimension of fresh drinking water supplied by Dhaka WASA is contributing 0.34 percent of water source at household level. Reverse Osmosis plants playing a vital role in the coastal areas which accounts for 0.84 percent in Barishal division and 2.13 percent in Khulna division. More than 1 percent of the households collects spring/charha/jhiri water for drinking.

However, about three-fourths of the households (73.08%) have been identified as having access to safely managed drinking water services. Though the coverage is very close in rural and urban spectrums,



যাহোক, প্রায় তিন-চতুর্থাংশ খানার (৭৩.০৮%) নিরাপদ খাবার পানি পরিষেবায় অভিজ্ঞতা আছে বলে এ জরিপে উঠে এসেছে। যদিও বিভিন্ন বিভাগে খাবার পানির প্রাপ্যতার মাত্রায় ব্যাপক ফারাক রয়েছে। এ ব্যবধান ৪৫.৫ শতাংশ থেকে ৯৩.৫ শতাংশের মধ্যে। বরিশাল বিভাগে সবচেয়ে কম সংখ্যক খানা (৪৫.৫%) নিরাপদ উৎস থেকে খাবার পানি সংগ্রহের সুযোগ পায়। এ হার জাতীয় গড়ের অনেক নিচে। এছাড়া জাতীয় গড়ের নিচে থাকা অন্য বিভাগগুলোর মধ্যে চট্টগ্রাম ৬৪.২%, খুলনা বিভাগে ৬৩.৫% এবং সিলেট বিভাগে ৬২.২% খানা নিরাপদ উৎস থেকে খাবার পানি সংগ্রহের সুযোগ পায়। ঢাকা বিভাগে ৭৭.৫%, ময়মনসিংহে ৭৫.৯%, রাজশাহীতে ৮০.৫% ও রংপুর বিভাগে ৯৩.৫% খানা নিরাপদ উৎস থেকে পানযোগ্য পানি সংগ্রহ করে। এ বিভাগগুলো জাতীয় গড়ের ওপরে অবস্থান করছে।

### ২.৩.২ বিদ্যুতের উৎস

২০২১ সালের জরিপে দেখা যায়, ৯৯.২৪ শতাংশ খানায় বিদ্যুৎ সুবিধা রয়েছে (মোট জনসংখ্যার হিসেবে এ হার ৯৯.৪%)। ২০২০ সালের জরিপের তুলনায় বিদ্যুৎ সংযোগ রয়েছে এমন খানার হার ০.৬৪ শতাংশ বেশি। বিদ্যুতায়িত খানাগুলোর মধ্যে ৯৬.৯ শতাংশের ক্ষেত্রে জাতীয় গ্রিডের বিদ্যুতে অভিজ্ঞতা রয়েছে এবং ২.৪ শতাংশ খানা সৌরবিদ্যুৎ বা জেনারেটরভিত্তিক বিদ্যুৎ ব্যবহার করে। জাতীয় পর্যায়ে অতি নগণ্য (০.৭৬%) খানায় কোনো ধরনের বিদ্যুৎ সংযোগ নেই। বিদ্যুৎবিহীন খানার অনুপাত চট্টগ্রাম বিভাগে সর্বোচ্চ (১.৪৩%); বিশেষ করে পার্বত্য অঞ্চলে ও চরাঞ্চলে বিদ্যুৎ সংযোগবিহীন খানার সংখ্যা বেশি।

### ২.৩.৩ জ্বালানির উৎস

খানা পর্যায়ে জ্বালানির উৎসের ক্ষেত্রে ২০২১ সালের এসভিআরএস জরিপে পূর্ববর্তী বছরগুলোর জরিপের ফলাফলের বিপরীত চিত্র উঠে এসেছে। এ জরিপের ফলাফলে দেখা যায়, খানা পর্যায়ে জ্বালানির প্রধান উৎস হিসেবে ব্যবহৃত হচ্ছে বন/লাকড়ি/কাঠ, আগে যা ছিল খড়/পাতা/ভুসি/তুষ/কুঁড়া প্রভৃতি উৎসের দখলো। ২০২১ সালের জরিপে দেখা যায়, মোট ২১.৬ শতাংশ খানা জ্বালানি হিসেবে খড়/পাতা/তুষ ব্যবহার করে। অন্যদিকে, পল্লি অঞ্চলের বাসিন্দাদের মধ্যে ৫৯.৪ শতাংশ, সিটি কর্পোরেশন এলাকার বাসিন্দাদের ৯.১৫ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলের ৪০.৮ শতাংশ বাসিন্দা জ্বালানি উপকরণ হিসেবে বন/লাকড়ি/কাঠ ব্যবহার করছে। বিভাগ পর্যায়ে হিসাবে দেখা যায়, বরিশাল বিভাগে সর্বোচ্চ ৮২.২% খানা রান্নার জ্বালানি হিসেবে বন/লাকড়ি/কাঠ ব্যবহার করা হয়। এ ধরনের জ্বালানি ব্যবহারের অনুপাত সবচেয়ে কম রাজশাহী বিভাগে। সেখানে ৩২.০% খানা রান্নার জ্বালানি হিসেবে এসব উপকরণ ব্যবহার করে। জরিপে দেখা যায়, ২০২১ সালে দেশের মোট খানার ১৪.২ শতাংশে রান্নার জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়েছে পাইপলাইনের মাধ্যমে সরবরাহ করা গ্যাস। পাইপলাইনের গ্যাস ব্যবহারকারীদের প্রায় তিন-চতুর্থাংশ খানা (৭৪.১%) সিটি কর্পোরেশন এলাকায় এবং পৌরসভা/অন্যান্য শহুরে এলাকায় প্রায়

significant differences are observed among the divisions which ranging 45.5 percent to 93.5 percent. Access to safely managed drinking water services is lower than the national average in Barishal (45.5%), Chattogram (64.2%), Khulna (63.5%) and Sylhet division (62.2%) while Dhaka (77.5%), Mymensingh (75.9%), Rajshahi (80.5%) and Rangpur division (93.5%) are in better position compared to national average.

### 2.3.2 Sources of Electricity

The result documented an overall electricity coverage of 99.2 percent households (99.4% in terms of population) documenting a rise of 0.64 percent households since 2020. Among the electrified households, 96.9 percent of the households have access to national grid while 2.4 percent households are consuming solar or generator-based electricity. Very negligible (0.76%) proportion of households do not have any type of electricity connection which is the highest in Chattogram Division (1.43%), particularly dominant in hill tracts and in Char areas.

### 2.3.3 Sources of Fuel

Breaking the consistency with the previous years' surveys, the 2021 round of SVRS survey Wood/plank/timber is observed as dominating source of cooking fuel replacing Straw/Leaves/Chaff/ Husk/ Bran. These materials are used by about 21.6 percent of the total fuel users in 2021 followed by 21.6 percent households using straw/leaf/husk. The use of leading materials wood/plank/timber was reported by 59.4 percent of the residents of the rural areas and 9.15 percent residents of the city corporation areas and 40.8 percent of Paurashava/other urban areas. Among the divisions Barishal (82.2%) observed as the leading area where wood/plank/timber is used as main source of fuel while Rajshahi division (32.0%) found the lowest in using the material as cooking fuel. Natural supply gas is contributing 14.2 percent of total household's cooking fuel in 2021 which is used about three-fourths households (74.1%) of city corporation areas and about one-thirds (31.8%) of households in Paurashava/other urban areas are using supply gas. Among the divisions Dhaka division is leading with two-fourths (39.9%) of the total households in the division in using supply gas as

এক-তৃতীয়াংশ (৩১.৮%)। রান্নার কাজে পাইপলাইনের গ্যাস ব্যবহারকারী খানার হার সবচেয়ে বেশি ঢাকা বিভাগে এ বিভাগের প্রায় দুই-পঞ্চমাংশ (৩৯.৯%) খানা রান্নার জ্বালানি হিসেবে সরবরাহ লাইনের গ্যাস ব্যবহার করে। রান্নার জ্বালানি হিসেবে এলপিগ্যাস ব্যবহার সিটি করপোরেশন ও পৌরসভা/অন্যান্য শহর এলাকায় প্রায় একই রকম পরিলক্ষিত হয়। পৌরসভা/অন্যান্য শহর এলাকায় এলপিগ্যাস ব্যবহারের হার ১৬.৬ শতাংশ এবং সিটি করপোরেশন এলাকায় ১৪.০ শতাংশ। সার্বিকভাবে সরবরাহ লাইনের গ্যাসের ব্যবহারের মাত্রা হ্রাস পাওয়ার দিকে ধাবিত হচ্ছে। ২০১৯ সালে ১৫.৬ শতাংশ খানায় রান্নার কাজে পাইপলাইনের গ্যাস ব্যবহৃত হতো। ২০২০ সালে তা হ্রাস পেয়ে ১৫.৪ শতাংশে নেমে আসে এবং ২০২১ সালে তা আরও হ্রাস পায়। এছাড়া এলপিগ্যাসের ব্যবহারও ৫.৪ শতাংশ পয়েন্ট কমেছে।

### ২.৩.৪ পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তি

জরিপে দেখা যায়, পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তির ব্যবহার প্রত্যাশার তুলনায় কম। রান্নার কাজে প্রতি ১০টি খানার বিপরীতে মাত্র ৩টি খানা (২৯.৩%) পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তি ব্যবহার করে। পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তি ব্যবহারের হার সবচেয়ে বেশি সিটি করপোরেশন এলাকায়, ৯০.১ শতাংশ। পৌরসভা/অন্যান্য শহর অঞ্চলে এ হার ৫৩.৫ শতাংশ এবং পল্লি অঞ্চলে সবচেয়ে কম ১৭.৪ শতাংশ। বিভাগগুলোর মধ্যে পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তির ব্যবহারে সবচেয়ে এগিয়ে সিলেট বিভাগ (৫৮.৭%)। এর পরের অবস্থানে রয়েছে ঢাকা বিভাগ (৪৯.১%)। পরিচ্ছন্ন জ্বালানি ও প্রযুক্তির ব্যবহার সবচেয়ে কম রংপুর বিভাগে। সেখানে এ ধরনের জ্বালানি ব্যবহার করা হয় মাত্র ৮.৬ শতাংশ খানায়।

### ২.৩.৫ স্যানিটেশন সুবিধা

নিরাপদ ব্যবস্থাপনায় স্যানিটেশন সুবিধার আওতাভুক্ত খানার অনুপাত পরিমাপ করার জন্য এসডিজির প্রয়োজনীয়তার আলোকে ২০২১ সালের এসভিআরএসে শৌচাগার সুবিধার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়। পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ব্যাপকভাবে চালু না হওয়ায় দেশের মোট খানার মাত্র ৩.৪৪ এবং সিটি করপোরেশন এলাকার ১৩.২ শতাংশ খানা ফ্ল্যাশ টয়লেট ব্যবহার করে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে মনুষ্য-বর্জ্য নিষ্কাশন করে। আর এ সুবিধা চালু আছে একমাত্র ঢাকা শহরে। ঢাকা বিভাগের ১৯.০ শতাংশ খানায় সরাসরি ফ্ল্যাশ করে পয়ঃনিষ্কাশন ব্যবস্থায় বর্জ্য অপসারণের সুযোগ রয়েছে। এ বিভাগে সর্বাধিক সংখ্যক খানার সদস্যরা স্ল্যাবসহ পিট ল্যাট্রিন ব্যবহার করে। বিভাগের ২৯.১% খানা এ ধরনের শৌচাগার ব্যবহার করে। এর পরে ২৮.৬ শতাংশ খানা সেফটি ট্যাংকে মল ফ্ল্যাশ করে এবং ২২.৮ শতাংশ খানা সুরক্ষিত গর্তে ফ্ল্যাশ করে। রংপুর বিভাগের পল্লি এলাকার খুব নগণ্য সংখ্যক জনগোষ্ঠী এখনো খোলা জায়গায় মলত্যাগ করে। বিভাগটিতে খোলা স্থানে মলত্যাগকারী খানার হার ০.৭%, যাদের কোনো ল্যাট্রিন নেই।

জরিপে দেখা যায়, স্যানিটেশন পরিষেবার জন্য প্রতি চারটি খানার মধ্যে অন্তত একটি ভাগাভাগি করে ল্যাট্রিন ব্যবহার করে। ল্যাট্রিন

cooking fuel. LPG is observed as the leading cooking fuel in both urban spectrum- 16.6 percent in Paurashava/Other urban areas and 14.0 percent in City Corporation areas. The overall use of supply gas is showing a decreasing share as it was 15.4 percent in 2020 and 15.6 percent in 2019. The use of LPG gas has shown a decline of 5.4 percentage points.

### 2.3.4 Clean Fuel and technology

The use of clean fuel and technology is lower than expected. Among every 10 households 3 households (29.3%) use clean fuel and technologies in cooking arrangements. This rate is very high in City Corporation areas with 90.1 percent followed by 53.5 percent in Paurashava/other urban areas and found the lowest in Rural Area (17.4%). Among the divisions, use of clean fuel and technology found the highest in Sylhet division (58.7%) followed by Dhaka division (49.1%). Use of clean fuel and technology was found lowest in Rangpur division with only 8.6 percent.

### 2.3.5 Sanitation Facilities

The use of toilet facility issues has been adopted in SVRS 2021 considering SDG requirements to measure the coverage of safely managed sanitation facilities. As the sewerage system has not widely introduced, only 3.44 of the total households and 13.2 percent of city corporation areas households use flash toilet disposing the faecal sludges to sewerage system which are in Dhaka city only. Flash to sewerage system among the households Dhaka division is 19.0 percent. Pit with slab latrine holds the highest share (29.1%) of toilet facility type followed by flash to safety tank with 28.6 percent and flash to protected pit with 22.8 percent of households. A very negligible share of households (0.7%) observed with no latrine who defecates in open spaces who are concentrated in rural areas of Rangpur division.

One in every four households uses shared toilet facilities for their sanitation services. Toilet sharing is the highest with one-thirds of the total households in City Corporation areas which is comparatively higher than both rural areas (24.0%) and Paurashava/other urban areas (25.4%). Among the divisions toilet sharing observed the highest in




ভাগাভাগি করে ব্যবহার করার চিত্র সবচেয়ে বেশি সিটি করপোরেশন এলাকায় সিটি এলাকায় মোট খানার অন্তত এক-তৃতীয়াংশ শৌচাগার সুবিধা ভাগাভাগি করে এ হার পল্লি এলাকা (২৪.০%) ও পৌরসভা/অন্যান্য শহরাঞ্চল (২৫.৪%) উভয়ের তুলনায় তুলনামূলকভাবে বেশি বিভাগীয় পর্যায়ের হিসাবে দেখা যায়, শৌচাগার ভাগাভাগি সবচেয়ে বেশি পরিলক্ষিত হয় খুলনা বিভাগে তারপরের অবস্থানে থাকা রংপুর (৩১.০%) ও রাজশাহী বিভাগে এ হার ২৭.৬%।

বর্তমানে জাতীয় পর্যায়ে নিরাপদ স্যানিটেশন সুবিধা ব্যবহারকারী খানার অনুপাত ৬৫.২ শতাংশ। এসভিআরএস ২০২১-এ দেখা যায়, নিরাপদ স্যানিটেশন পরিষেবা ব্যবহারের অনুপাত সবচেয়ে বেশি পৌরসভা/অন্যান্য শহরো সেখানে ৬৮.২% খানা নিরাপদ স্যানিটেশন সুবিধা ব্যবহার করে পল্লি অঞ্চলে এ হার ৬৪.৭% এবং সিটি করপোরেশন এলাকায় তা ৬৩.৮%। বিভাগ পর্যায়ের চিত্র পর্যালোচনা করলে দেখা যায়, নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা ব্যবহারের হার সবচেয়ে বেশি বরিশাল বিভাগে সেখানে ৮৪.৩% খানা নিরাপদ স্যানিটেশন সেবার আওতায় রয়েছে। এর পরের অবস্থানে রয়েছে খুলনা বিভাগ সেখানে এ হার ৭১.২ শতাংশ এবং চট্টগ্রাম বিভাগে ৭০.৭ শতাংশ। নিরাপদ স্যানিটেশন ব্যবহারে সবচেয়ে পিছিয়ে ময়মনসিংহ বিভাগ (৫৫.৮%)।

Khulna division (31.3%) followed by Rangpur division (31.0%) and Rajshahi division (27.6%).

Coverage of Safely managed sanitation facilities stand at 65.2 percent. SVRS 2021 shows that safely managed sanitation services is the highest (68.2%) in Paurashava/other urban areas than rural areas (64.7%) and City Corporation areas (63.8%). The coverage of safely managed sanitation services among the divisions portrayed the highest prevalence in Barishal with 84.3% followed by Khulna with 71.2 percent and Chattogram with 70.7 percent. Households in Mymensingh division found the lowest (55.8%) with safely managed sanitation services.

Figure 2.2: Households Using Safely Managed Sanitation Services, SVRS 2021



### ২.৩.৬: সাবান ও পানিসহ হাত ধোয়ার সুবিধা

প্রতি পাঁচটি খানার বিপরীতে অন্তত তিনটি খানার (৫৮.৯%) নিজ আঙিনায় সাবান ও পানির উপস্থিতিসহ পৃথক হাত ধোয়ার জন্য সুবিধা রয়েছে। ২০২০ সালের (৭১.০%) তুলনায় এসভিআরএস ২০২১-এ এ হার উল্লেখযোগ্য মাত্রায় কমা কারণ ২০২০ সালে কোভিড-১৯ সংক্রমণ বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ায় হাত ধোয়ার ক্ষেত্রে সচেতনতা ব্যাপক বিস্তার লাভ করেছিল। এ থেকে বোঝা যায়,


### 2.3.6: Handwashing Facility with Soap and Water

Three in every five households (58.9%) have separate handwashing facilities with soap and water within the premises. A significant drop is observed in SVRS 2021 than in 2020 (71.0%) while the COVID-19 pandemic was highly prevalent all over the world. It reveals that people were more sensitive

করার ক্ষেত্রে প্রেরণাদায়ী ভূমিকা পালন করেছিল, যা ২০২১ সালে আবার হ্রাস পায়। সাবান ও পানিসহ হাত ধোয়ার সুবিধার হার সিটি করপোরেশন এবং পৌরসভা/অন্যান্য শহর অঞ্চল উভয় ধরনের শহুরে এলাকাতেই বেশি। সিটি করপোরেশন এলাকায় এ হার ৭৭.৬ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৭১.০ শতাংশ। বিভাগীয় পর্যায়ের হিসাবে দেখা যায়, ঢাকা বিভাগে এ হার সর্বাধিক। এ বিভাগে সুবিধাটি ব্যবহারকারী খানার অনুপাত ৬৭.৭। আর ময়মনসিংহ বিভাগে এ হার সর্বনিম্ন। সেখানে ৩৯.৯% খানায় সাবান ও পানিসহ হাত ধোয়ার সুবিধা রয়েছে।

during COVID-19 pandemic to set up separate handwashing facilities with soap and water which has decreased in 2021. The handwashing facilities with soap and water are high in both urban spectrum that is 77.6 percent in City Corporation areas and 71.0 percent in Paurashava/Other urban areas. Among the divisions, Dhaka division possess the highest coverage with 67.7 percent households with handwashing facilities with soap and water. The lowest coverage of handwashing facilities with soap and water was observed in Mymensingh division (39.9%).

Figure 2.3: Households Having Separate Handwashing Facilities with Soap and Water, SVRS 2021



### ২.৩.৭ বাসগৃহের মালিকানা

এসভিআরএস ২০২১-এ বাসগৃহের মালিকানার বিষয়টি বিশদভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। জরিপে দেখা যায়, ৮১.৭ শতাংশ খানার সদস্যরা নিজস্ব বাড়িতে বসবাস করেন এবং অন্য কোথাও তাদের ঘরবাড়ি নেই। সিটি করপোরেশন এলাকায় এক-পঞ্চমাংশ (২০.৪%) খানার সদস্যরা নিজস্ব বসতঘরে বসবাস করেন। পল্লি অঞ্চলে এ হার ৯২.৮ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৬১.৬ শতাংশ। বিভাগীয় পর্যায়ের হিসাবে দেখা যায়, রাজশাহী বিভাগের বেশিরভাগ খানার সদস্যরা নিজস্ব বসতঘরে বাস করেন (৯২.৫%)। এর পরের অবস্থানে রয়েছে রংপুর বিভাগ। সেখানে ৯১.৭% এবং খুলনা বিভাগের ৯০.৪% খানার সদস্যরা নিজস্ব বসতবাড়িতে বাস করেন। ৩.১ শতাংশ খানার সদস্যরা যারা নিজেদের বসতঘরে বাস করেন, তাদের অন্য জায়গায়ও বাড়ি আছে। প্রতি ১০টি খানার বিপরীতে অন্তত একটি খানার সদস্যরা যারা ভাড়া বাড়িতে থাকেন, তাদের


### 2.3.7 Ownership of Dwelling Houses

In SVRS 2021 ownership of dwelling houses were covered in a wide range of categories. It was reported by the households that 81.7 percent of household members live in their own houses and don't have any other dwelling houses anywhere. The ownership of dwelling houses is one-fifths (20.4%) in City Corporation areas while 92.8 percent in Rural areas and 61.6% in Paurashava/other urban areas. Among the divisions, most of the household members of Rajshahi division live in their owned dwelling houses (92.5%) followed by Rangpur division (91.7%) and Khulna division (90.4%). More than 3.1 percent of households lives in own dwelling households and also have their own houses elsewhere. One in every ten households live

অন্য কোথাও নিজস্ব বাড়ি রয়েছে। আর ভাড়া বাড়িতে অবস্থানকারী ৩ শতাংশ খানার সদস্যদের অন্য কোথাও নিজস্ব বাসগৃহ নেই। ৪.৫ শতাংশ খানার সদস্যদের বসবাসের জন্য দেশের কোথাও নিজস্ব কোনো বাসগৃহ নেই। তারা সাধারণত ভাড়া বাড়ি বা বিনা ভাড়ায় বাস করেন।

in rented houses but have own houses elsewhere while 3 percent of households lives rented houses and don't have any houses anywhere. More than 4.5 percent of households don't have own houses for dwelling anywhere within the countries who generally dwelling in rented or rent-free houses.

Figure 2.4: Proportion of Households Don't have Own Dwelling Houses by residence and division, SVRS 2021



### ২.৩.৯ বাসগৃহের সাবলেট অবস্থা

নিম্ন, মধ্যম ও সীমিত আয়ের জনগোষ্ঠীর মধ্যে বসতবাড়ি সাবলেট দেওয়ার বিষয়টি একটি সাধারণ অভিযোজন কৌশল, যা সাধারণত শহরাঞ্চলে প্রচলিত। এসভিআরএস ২০২১-এ সারা বাংলাদেশে সাবলেট ব্যবস্থার প্রকৃতি অনুধাবনের লক্ষ্যে জরিপের মডিউলে সাবলেটের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। জরিপের ফলাফলে দেখা যায়, ২.৪ শতাংশ খানা সাবলেট ভিত্তিতে তাদের বাসগৃহ ভাড়া নেয় এবং ০.৫ শতাংশ খানা নিজেদের বাসগৃহের অংশবিশেষ সাবলেট প্রদান করে ঘর ভাগাভাগি করে বসবাস করে। সিটি করপোরেশন এলাকায় সাবলেটের প্রবণতা বেশি পরিলক্ষিত হয়। সেখানে ৪.৮% খানা সাবলেট চুক্তির মাধ্যমে ভাড়া বাড়িতে বাস করে এবং ১.৭ শতাংশ খানা সাবলেট ভিত্তিতে তাদের বাসস্থান ভাগ করে নেয়। বিভাগীয় পর্যায়ে হিসাবে সাবলেট ব্যবস্থা সবচেয়ে বেশি প্রচলিত সিলেট বিভাগে। সেখানে ৩.৭% খানা সাবলেট ভিত্তিতে


### 2.3.9 Sublet Status of Dwelling Houses

Subletting of dwelling houses is a common adapting strategy among the low, medium, and limited income groups which is commonly prevalent in urban areas. In SVRS 2021, subletting status has been introduced in the household module to know the status of the scenario all over Bangladesh. The results shows that 2.4 percent of household observed whose members took sublet of the dwelling rooms while 0.5 percent of households gave sublet and shared their dwelling houses. The practice of sublet taking observed the highest in City Corporation areas as 4.8% of households took sublets while 1.7 percent households shared their dwelling on sublet basis. Among the divisions, sublet taking practice found the highest in Sylhet

বসবাস করে। এর পরের অবস্থানে রয়েছে ঢাকা বিভাগ এ বিভাগে ৩.৪% খানা সাবলেট হিসেবে বসবাস করে। সাবলেট ব্যবস্থা সাধারণত শহুরে সংস্কৃতি হলেও পল্লি অঞ্চলেও এ ব্যবস্থা পরিলক্ষিত হয়। সেখানে এ ব্যবস্থায় বসবাস করে ১.৯% খানা।

division (3.7%) followed by Dhaka division (3.4%). Though subletting practice is common in urban areas, but it is also spread in rural areas (1.9%).

Figure 2.5: Sublet Status of Households by residence and division, SVRS 2021



### ২.৩.১০ খানার বস্তি অবস্থা/মর্যাদা

ইউএন-হ্যাবিট্যাটের ‘ওয়ার্ল্ড সিটিস রিপোর্ট, ২০১৬’ অনুসারে, বিশ্বব্যাপী শহরাঞ্চলে বসবাসকারী প্রতি চারজনের মধ্যে একজন এমন বাসস্থানে বসবাস করে, যা তার স্বাস্থ্য, নিরাপত্তা, সমৃদ্ধি ও সুযোগের জন্য ক্ষতিকর। অনানুষ্ঠানিক বসতি ও বস্তিঘরের একটি সাধারণ সীমাবদ্ধতা হলো সেখানে মৌলিক পরিষেবাগুলোর প্রাপ্যতার তীব্র সংকট বিরাজমান। বিশ্বব্যাপী ২৪০ কোটি (২.৪ বিলিয়ন) মানুষ উন্নততর স্যানিটেশন সেবা থেকে বঞ্চিত এবং ২০০ কোটি (২ বিলিয়ন) মানুষ পানির সংকটে ভোগে। এসডিজির ১১.১ লক্ষ্যমাত্রায় উল্লেখ করা হয়েছে, ‘২০৩০ সালের মধ্যে সবার জন্য সম্পূর্ণ, নিরাপদ ও শাস্ত্রীয় আবাসন এবং মৌলিক পরিষেবাগুলো নিশ্চিত করা হবে এবং বস্তিগুলোর অবস্থার উন্নতি ঘটাতে হবে। এ অগ্রগতির বিষয়টি ১১.১.১ সূচকের মাধ্যমে পরিমাপ করা হবে। সূচকটির শিরোনাম হলো ‘বস্তিতে বসবাসকারী শহুরে জনসংখ্যার অনুপাত, অনানুষ্ঠানিক বসতি বা অসম্পূর্ণ বাসস্থান’। বাসস্থানের বস্তি অবস্থা পরিমাপের জন্য এসডিআরএস-২০২১-এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। জরিপের ফলাফলে দেখা যায়, দেশের শহরাঞ্চলে অবস্থিত খানাসমূহের ৬.৯ শতাংশ বস্তিতে বসবাস করে। এর মধ্যে সিটি কর্পোরেশন এলাকার ১২.৭ শতাংশ এবং পৌরসভা ও অন্যান্য শহরাঞ্চলে ৩.৩ শতাংশ খানা বস্তিঘরে বসবাস করে। বিভাগীয় পর্যায়ে হিসাবে দেখা যায়, বস্তিভিত্তিক খানার অনুপাত সবচেয়ে

### 2.3.10 Slum Status of Households

According to World Cities Report 2016 by UN-Habitat, about one in four people in cities live in conditions that harm their health, safety, prosperity and opportunities all over the world. Lack of access to basic services is a common constraint in informal settlements and slums: worldwide 2.4 billion people live without improved sanitation and 2 billion are affected by water stress. SDG Target 11.1 has given commitment that “By 2030, ensure access for all to adequate, safe and affordable housing and basic services and upgrade slums” which will be measured through Indicator 11.1.1: “Proportion of urban population living in slums, informal settlements or inadequate housing.” To response the target Slum status of the households has been introduced in SVRS 2021. The result reveals that 6.9 percent of the urban households lives in slums, the proportion is 12.7 percent in City Corporation areas while 3.3 percent in Paurashava/other urban areas. The proportion of slum households are found the highest in Sylhet division (11.2%) followed by Dhaka division (8.3%) and Chattogram division (7.8%).

বেশি সিলেট বিভাগে এ বিভাগের ১১.২ শতাংশ খানার সদস্যরা বস্তিবাসী। এর পরের অবস্থানে রয়েছে ঢাকা বিভাগ। বিভাগটির ৮.৩ শতাংশ খানা বস্তিতে বসবাস করে এবং চট্টগ্রাম বিভাগে ৭.৮ শতাংশ খানা বস্তিতে বসবাস করে।

### ২.৩.১১ নৃতাত্ত্বিক মর্যাদা

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ২০২১ সালে খানার সদস্যদের নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য তুলে আনার বিষয়েও কাজ করেছে। ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ অনুসারে, মোট ৫০টি ক্ষুদ্র নৃগোষ্ঠীকে চিহ্নিত করা হয়েছে এবং তাদের বিষয়টি এসভিআরএসে তুলে ধরা হয়েছে। জরিপের ফলাফলে দেখা যায়, এসভিআরএসে অন্তর্ভুক্ত খানাগুলোর মধ্যে ১.৩ শতাংশ নমুনা খানা ক্ষুদ্র নৃগোষ্ঠীর। পল্লি অঞ্চলে নৃতাত্ত্বিক খানার অনুপাত একই রকম। আর সিটি কর্পোরেশন এলাকায় এ হার মাত্র ০.২ শতাংশ এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ১.৭ শতাংশ। নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর বিভাগওয়ারি হিসাবে দেখা যায়, চট্টগ্রাম বিভাগে ক্ষুদ্র নৃগোষ্ঠীর খানার অনুপাত সবচেয়ে বেশি, ৬.১ শতাংশ। কারণ অধিকাংশ ক্ষুদ্র নৃগোষ্ঠী খানার অবস্থান পার্বত্য চট্টগ্রামে। বিভাগের পার্বত্য রাঙ্গামাটি জেলার ৫১.৭ শতাংশ খানা ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত। এছাড়া বান্দরবানের ৫৭.৮ শতাংশ এবং খাগড়াছড়ির ৪৭.৭ শতাংশ খানা ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত।

### ২.৩.১২ প্রবাস আয় গ্রহণকারী খানা

প্রবাসী আয়কে বাংলাদেশের অর্থনীতির অন্যতম গুরুত্বপূর্ণ চলক হিসেবে বিবেচনা করা হয়। কারণ এটি বৈদেশিক লেনদেনের ভারসাম্য বাড়ানো, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ানো, জাতীয় সঞ্চয় বাড়ানো ও টাকার হাতবদলের মাত্রা বাড়ানোর মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধির ওপর ইতিবাচক প্রভাব ফেলে। এসভিআরএস ২০২১-এর ফলাফলে দেখা যায়, ২০২১ সালে মোট ১২.৮ শতাংশ খানা বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ করেছে। প্রবাসী আয় গ্রহণকারী খানাগুলো মূলত পল্লি অঞ্চলকেন্দ্রিক। পল্লি অঞ্চলের ১৪.০ শতাংশ খানা বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ করে। সিটি কর্পোরেশন এলাকায় এ হার ৭.৪২% এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে তা ১০.০%। বিভাগকেন্দ্রিক হিসাবে দেখা যায়, প্রবাসী আয় গ্রহণকারী খানার সংখ্যা সর্বাধিক চট্টগ্রাম বিভাগে। এ বিভাগে প্রবাসী আয় গ্রহণকারী খানার অনুপাত ২৬.২%। অর্থাৎ, প্রতি চারটি খানার বিপরীতে একটি খানা প্রবাসী আয় পেয়ে থাকে। প্রবাসী আয় গ্রহণে এর পরের অবস্থানে আছে সিলেট বিভাগ। এ বিভাগের ২৪.৭% খানা প্রবাসী আয় গ্রহণ করে। রেমিট্যান্স গ্রহণকারী খানাগুলোর অধিকাংশই (৮৪%) চট্টগ্রাম বিভাগে বসবাস করে। রংপুর বিভাগে প্রবাসী আয় গ্রহণকারী খানার অনুপাত সবচেয়ে কম; মাত্র ২.৪%।


### 2.3.11 Ethnicity status

Sample Vital Registration System (SVRS) also initiated to capture the ethnic status of the household members in 2021. According to Cultural Institutions for Ethnic Communities Act, 2010, a total option of 50 numbers of ethnic communities have been adopted in SVRS 2021. The results show that among the SVRS households, 1.3 percent of the sample households having ethnic members. In the rural areas, the ethnic households possess the same proportion while in City Corporation areas only 0.2 percent and in Paurashava/other urban areas 1.7 percent. The Chattogram division is leading among the divisions in term of proportion of ethnic households with 6.1 percent as most of the ethnic households are concentrated in the hill tracts of Rangamati (51.7%), Bandarban (57.8%) and Khagrachhari (47.7%) districts.

### 2.3.12 Remittance Receiving Households

Foreign remittance is considered one of the most important economic variables in Bangladesh as it has a positive influence on economic growth through positively enhancing balance of payments, increasing foreign exchange reserves, boosting national savings, and rising velocity of money. SVRS 2021 results reveal that 12.8 percent of households received foreign remittances during 2021. The remittance receiving households are more concentrated in rural areas (14.0%) than City Corporation areas (7.42%) and Paurashava/other urban areas (10.0%) of urban spectrums. Among the divisions Chattogram division shows the highest proportion (26.2%) with one household out of every four households of remittance receiving households followed by Sylhet division (24.7%). Most of the remittance receiving households are in Chattogram division (84%). Rangpur division found the lowest share of remittance receiving households (2.4%).





### ২.৩.১৩ সম্পদ কুইন্টাইল সূচক

খানার আর্থসামাজিক অবস্থা বিচারের ক্ষেত্রে সম্পদ কুইন্টাইল অন্যতম প্রধান মানদণ্ড হিসেবে কাজ করে থাকে। এসভিআরএস উপাত্ত বিশ্লেষণে প্রথমবারের মতো সম্পদ কুইন্টাইলের মাধ্যমে খানাগুলোর আর্থসামাজিক ব্যবধানের চিত্র তুলে ধরা হয়েছে। এ সূচকটি নির্ধারণের ক্ষেত্রে খানার বেশকিছু বৈশিষ্ট্য বিবেচনায় নেয়া হয়েছে এবং সে অনুযায়ী প্রণীত প্রশ্নাবলির মাধ্যমে সম্পদ সূচকের স্কেল নির্ধারণ করা হয়েছে। যেসব বিষয়ের ওপর প্রশ্ন করা হয়েছে, তার মধ্যে রয়েছে গৃহনির্মাণের সামগ্রী, পানির গুণগত মান ও স্যানিটেশন পরিষেবার প্রাপ্যতা এবং বিভিন্ন আইটেমের মালিকানা (যেমন টেলিভিশন, রেফ্রিজারেটর)। সম্পদের ভিত্তিতে খানার স্তরবিন্যাস নির্ধারণের ক্ষেত্রে এ স্কেল ব্যবহার করা হয়। সূচকটির ভিত্তিতে খানাগুলোর আর্থসামাজিক পরিস্থিতি সম্পর্কে ধারণা দিতে সারাদেশের খানাগুলোকে পাঁচটি উপবিভাগে ভাগ করা হয়েছে। সম্পদভিত্তিক এ সূচকটি একটি দেশের জনগোষ্ঠীর আপেক্ষিক সম্পদ ও ইকুইটি সম্পর্কে ধারণা পেতে সহায়তা করলেও এটি কোনো ব্যক্তির চূড়ান্ত সম্পদ সম্পর্কে ধারণা দেয় না।

এসভিআরএস ২০২১-এর ফলাফলে দেখা যায়, পল্লি অঞ্চলে দরিদ্রতম খানার অনুপাত ২৯.৩%। সিটি করপোরেশন এলাকায় এ হার মাত্র ৩.০%। আর পৌরসভা এলাকায় ১১.৩% খানা দরিদ্রতম শ্রেণির অন্তর্ভুক্ত। সামগ্রিকভাবে এসভিআরএস জরিপে অন্তর্ভুক্ত খানাসমূহের ১৩.৬% সবচেয়ে ধনী শ্রেণির অন্তর্ভুক্ত। পল্লি এলাকায় ধনী শ্রেণির অন্তর্ভুক্ত ৭.২% খানা। আর সিটি করপোরেশন এলাকায় ৪৭.৯% খানা ধনিক শ্রেণির অন্তর্ভুক্ত এবং পৌরসভা ও অন্যান্য শহরাঞ্চলে এ হার ২৫.৯%।

দরিদ্রতম শ্রেণির অন্তর্ভুক্ত খানার অনুপাত সবচেয়ে বেশি রংপুর বিভাগে বিভাগটিতে ৪৪.০% খানা এ শ্রেণির অন্তর্ভুক্ত। ঢাকা বিভাগে দরিদ্রতম শ্রেণির অন্তর্ভুক্ত খানার অনুপাত ১২.৩%, বিভাগ পর্যায়ে যা সম্পদ সূচককেন্দ্রিক হিসাবে সর্বনিম্ন। বিভাগের হিসাবে ধনী শ্রেণির কুইন্টাইলের অন্তর্ভুক্ত খানার অনুপাত সবচেয়ে কম ময়মনসিংহ বিভাগে। এ বিভাগে ধনী শ্রেণিতে অবস্থান করছে মাত্র

### 2.3.13 Wealth Quintile Index

Wealth quintile is considered as one of the key parameters to see the socioeconomic condition of the households. In SVRS data analysis, for the first time, speaks to socio-economic differences via wealth quintiles. These quintiles are derived from a series of questions about household construction materials, water and sanitation access, and ownership of various items (e.g., television, refrigerator), which form a wealth index score. This score is used to rank households by wealth, and the population is then subdivided into five quintiles to produce a relative indicator of socio-economic status within the country at the time of the survey. While the wealth quintiles are useful to understand relative wealth and equity within a country, they do not give one a sense of absolute wealth.

SVRS 2021 reveals that in the rural areas the poorest households are 29.3% while only 3.0% of households belongs to poorest group in city corporation areas while 11.3% in Paurashabha belongs to the poorest group. Overall, 13.6% of the SVRS households belong to the richest group. In the rural areas the richest group is only 7.2%; 47.9% of the households belongs to the rich quintile in the city corporation areas while 25.9% are belong to rich quintile in Paurashabha and other urban areas.

The highest proportion (44.0%) of poorest households are belong to Rangpur division than that of other divisions while Dhaka divisions shows the lowest (12.3%) share of poorest quintile households within the division in terms of wealth quintile index. In terms of the richest quintile share among the divisions, 5.7% of the households belong to



৫.৭% খানা। অন্যদিকে এ শ্রেণিতে সবচেয়ে বেশি সংখ্যক খানার অবস্থান ঢাকা বিভাগে বিভাগটিতে ২১.০% খানা ধনী শ্রেণির অন্তর্ভুক্ত।

### ২.৩.১৪ প্রধান বাসগৃহের উপকরণ

অর্ধেকেরও বেশি খানার (৫২.৩%) বাসগৃহের মেঝে কাদা/বালি দিয়ে তৈরি। আর ৪১.৪% খানার বাসগৃহের মেঝে সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি দিয়ে তৈরি। মেঝেতে প্রধান উপকরণ হিসেবে কাদা/বালির ব্যবহার পল্লি অঞ্চলে সবচেয়ে বেশি (৬৩.১%)। পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে এ হার ২৭.২%। বিভাগগুলোর মধ্যে বরিশাল, রংপুর ও ময়মনসিংহ বিভাগের কাদা/বালির তৈরী মেঝের বাসগৃহের সংখ্যা সবচেয়ে বেশি; আনুপাতিক হিসাবে যা যথাক্রমে ৭০.৭% ও ৭০.০%। সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটির তৈরি মেঝের বাসগৃহ সবচেয়ে বেশি ঢাকা বিভাগে এ বিভাগের ৫৯.৩% খানার বাসগৃহের মেঝে সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটির তৈরি। খুলনা বিভাগে এ হার ৪২.২% এবং সিলেটে ৪১.০%।

ঘরের দেয়ালে সর্বাধিক ব্যবহৃত উপকরণ হচ্ছে সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি। ৪৩.৬% খানার ঘরের দেয়াল এসব উপকরণ দিয়ে তৈরি। এছাড়া ৪২.৯% খানার বাসগৃহের দেয়াল ধাতব শিট/সিআই শিট দিয়ে তৈরি। পল্লি অঞ্চলে ধাতব শিট/সিআই শিটের দেয়ালবিশিষ্ট বাসগৃহের অনুপাত প্রায় অর্ধেক (৪৯.৫%)। অন্যদিকে, সিটি করপোরেশন এলাকায় সবচেয়ে বেশি সংখ্যক খানার বাসগৃহের দেয়াল সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি দিয়ে তৈরি। সিটি করপোরেশন এলাকায় ৮৬.৯% বাসগৃহের দেয়াল এসব উপকরণ দিয়ে তৈরি। পৌরসভা এলাকায় এ হার ৬৩.৭%। ধাতব শিট/সিআই শিটের দেয়ালের ঘর সবচেয়ে বেশি সংখ্যায় দেখা যায় বরিশাল বিভাগে এ বিভাগের ৬৭.৭% বাসগৃহের দেয়াল এসব উপকরণ দিয়ে তৈরি। এছাড়া চট্টগ্রাম বিভাগের ৪৩.০%, ময়মনসিংহের ৬৭.৬% এবং রংপুর বিভাগের ৪৬.৪% বাসগৃহের দেয়াল ধাতব শিট/সিআই শিটের তৈরি। অন্যদিকে, সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটির দেওয়ালের ঘরের অনুপাত ঢাকা বিভাগে ৫১.৫%, খুলনা বিভাগে ৫৯.৭%, রাজশাহী বিভাগে ৪২.৫ এবং সিলেট বিভাগে ৫৩.৪%।

বাসগৃহের ছাউনি তৈরিতে মেটাল শিট/সিআই শিট/টিনের ব্যবহার সর্বাধিক। সারাদেশে প্রায় চার-পঞ্চমাংশ খানার বাসগৃহের ছাউনি এসব উপকরণ দিয়ে তৈরি। পল্লি অঞ্চলে এ ধরনের ছাউনিবিশিষ্ট বাসগৃহের খানার অনুপাত ৮৬.৯% এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে এ হার ৬৭.২%। সিটি করপোরেশন এলাকায় প্রায় দুই-তৃতীয়াংশ (৬৩.৭%) খানার বাসগৃহের ছাদ সিমেন্ট/কংক্রিটের তৈরি। সকল বিভাগের খানাসমূহের বাসগৃহের ছাউনির হিসেব করা হলে দেখা যাবে ধাতব শিট/সিআই শিট/টিনের তৈরী ছাউনির সংখ্যাই সবচেয়ে বেশি। সবচেয়ে বেশি সংখ্যায় মেটাল শিট/সিআই শিট/টিনের ছাউনির তৈরি ঘরের উপস্থিতি রংপুর বিভাগে এ বিভাগের ৯৪.৩% বাসগৃহের ছাউনি উল্লিখিত উপকরণসমূহ দিয়ে তৈরি। ময়মনসিংহ বিভাগে এ হার ৯২.৭%।

Mymensingh division while Dhaka division consists of 21.0% of the richest households.

### 2.3.14 Materials of Main Dwelling House

More than half of the households (52.3%) lives in houses of floor materials of Mud/Sand followed by Cement/Concrete/Brick/Burnt mud which is 41.4%. Use of mud/sand as main materials on the floor is observed the highest (63.1%) in rural areas followed by Paurashabha/ other urban areas with 27.2% households. Among the divisions, a big chunk of the households having mud/sand as floor material in Barishal, Rangpur and Mymensingh which is 70.7%, 70.0% and 69.14% respectively. Share of Cement/Concrete/Brick/Burnt mud found the highest in Dhaka division with 59.3% followed by Khulna with 42.2% and Sylhet with 41.0%.

The most used wall materials are observed as Cement/Concrete/Brick/Burnt mud (43.6%) which is followed by Metal Sheet/ CI Sheet (42.9%). The share of Metal Sheet/CI Sheet is almost half (49.5%) in rural areas while the leading share of Cement/Concrete/Brick/Burnt mud is in City Corporation areas with 86.9% and 63.7% leading share in Paurashabha areas. Share of Metal Sheet/ CI Sheet as main wall material identified the highest in Barishal (67.7%), Chattogram (43.0%), Mymensingh (67.6%) and Rangpur Division (46.4%). On the other side Cement/Concrete/Brick/Burnt mud are the leading materials used in wall in Dhaka (51.5%), Khulna (59.7%), Rajshahi (42.5) and Sylhet Division (53.4%).

Metal Sheet/ CI Sheet/Tin possess the highest share of roofing materials for the dwelling houses which is used by about four-fifths of the households in the country. These materials' share found the highest both in Rural areas (86.9%) and Paurashabha/Other Urban Areas (67.2%). In the City Corporation areas near about two-thirds of the households lives in the houses whose roofs made of Cement/Concrete (63.7%). Among all divisions the roofing materials share found highest with Metal Sheet/ CI Sheet/Tin. The highest share of Metal Sheet/ CI Sheet/Tin found highest in Rangpur division (94.3%) followed by Mymensingh division (92.7%).

Table 2.5: Distribution of households by type of housing materials of dwelling houses by locality, SVRS 2021

Housing Materials	Residence					Division						
	Total	Rural	City Corp	PSA/ Oth Urb	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet
Floor Materials												
Cement/Concrete/Brick/ Burnt mud	41.42	33.13	72.77	63.95	25.04	40.77	59.28	42.16	27.81	32.41	27.89	41.03
Tiles/Mosaic/Marble/Granite/Furnish wood	4.34	1.54	22.88	7.79	2.06	4.35	8.75	3.77	1.43	1.70	1.54	2.84
Wood/Bamboo/mat/palm-betel nut bole	1.74	1.99	1.00	1.00	2.00	4.54	2.14	0.25	1.04	0.40	0.55	0.63
Mud/Sand	52.30	63.12	3.25	27.20	70.71	49.75	29.76	53.79	69.14	65.45	70.00	55.46
Others	0.19	0.23	0.10	0.06	0.18	0.60	0.07	0.03	0.58	0.05	0.02	0.03
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Wall Materials												
Cement/Concrete/Brick/ Burnt mud	43.63	34.52	86.89	63.70	24.79	35.56	51.49	59.72	26.43	42.46	38.52	53.35
Ceramic Tiles/Furnish wood	0.47	0.31	1.62	0.57	0.47	0.69	0.58	0.45	0.29	0.24	0.27	0.45
Metal Sheet/ CI Sheet	42.86	49.47	9.58	29.27	67.71	43.00	45.44	22.26	67.63	32.82	46.44	32.15
Wood/Bamboo/mat/palm-betel nut bole	4.76	5.39	1.65	3.41	6.02	12.25	0.18	7.20	1.64	1.66	7.22	3.79
Straw/Chaff/Gal leaves/ Palm leaves/Bic	0.19	0.24	0.04	0.05	0.17	0.15	0.05	0.31	0.13	0.41	0.18	0.30
Mud/Soil	8.01	9.97	0.17	2.94	0.77	8.24	2.21	9.89	3.81	22.29	7.32	9.92
Other materials	0.05	0.06	0.03	0.04	0.05	0.02	0.04	0.15	0.01	0.11	0.02	0.02
No wall at all	0.03	0.03	0.01	0.02	0.02	0.08	0.01	0.02	0.05	0.02	0.01	0.02
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Roof Materials												
Cement/Concrete	18.96	11.32	63.66	31.40	11.88	20.37	30.55	25.57	5.80	12.77	4.77	14.48
Metal Sheet/ CI Sheet/Tin	79.35	86.89	34.96	67.21	87.08	77.49	68.93	68.21	92.71	86.38	94.29	84.58
Wood/Bamboo/mat/Golpata/ Palm leaf/polythene	0.79	0.86	0.33	0.71	0.53	1.87	0.16	1.28	1.36	0.18	0.64	0.76
Handmade tiles/Tali	0.38	0.46	0.04	0.17	0.01	0.03	0.01	3.05	0.01	0.11	0.02	0.00
Others	0.02	0.02	0.03	0.02	0.01	0.03	0.01	0.02	0.02	0.03	0.01	0.02
No roof at all	0.50	0.44	0.99	0.49	0.48	0.21	0.34	1.87	0.11	0.54	0.27	0.16
Total	10.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0

## ২.৩.১৫ মেঝের আয়তন

জরিপে পল্লি অঞ্চলে মাথাপিছু শয়নকক্ষের আয়তন পাওয়া গেছে ৮৪.১ বর্গফুট। আর সামগ্রিকভাবে সব ধরনের শহরে মাথাপিছু এ আয়তন ৭৪.৩ বর্গফুট এবং সমগ্র দেশে এটি মাথাপিছু ৮১.৭ বর্গফুট। সিটি কর্পোরেশন এলাকায় মাথাপিছু শয়নকক্ষের জায়গা পাওয়া গেছে ৬৭.৪ বর্গফুট এবং পৌরসভা/অন্যান্য শহরাঞ্চলে ৮১.৭ বর্গফুট। পল্লি ও শহর উভয় এলাকায় মাথাপিছু গড় শয়নকক্ষের

## 2.3.15 Floor Space

The per capita bedroom space was 84.1 square feet in rural areas and 74.3 square feet in the overall urban spectrums, the overall space being 81.7 square feet. The per capita bedroom space found 67.4 sq. feet in City Corporation areas and 81.7 sq. feet in Paurashabha/Other Urban areas. The

আয়তন হ্রাস পেয়েছে এ সংক্রান্ত অনুসন্ধানের ফলাফল সারণি ২.৬-এ তুলে ধরা হয়েছে।

average bedroom size decreased both in Rural and Urban areas. The results presented in Table 2.6.

**Table 2.6: Per capita bedroom space: 2020-2021**

	Bedroom Space (sq. ft)		% Change
	2021	2020	2020-2021
Residence			
Rural	84.1	95	-11.5
City Corporation	67.4	-	-
Paurashabha/Other Urban	81.7	-	-
All Urban	74.3	104	-28.56
Total	81.7	99	-17.47

## ২.৪ জনসংখ্যার বয়স-লিঙ্গভিত্তিক বিন্যাস

একটি দেশের আর্থসামাজিক কল্যাণ নির্ধারণে জনসংখ্যার বয়সভিত্তিক বিন্যাস একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। নিচের সারণি ২.৭-এ ২০২১ সালের এসভিআরএস জরিপের খানাসমূহের জনসংখ্যার বয়স ও লিঙ্গভিত্তিক অনুপাত উপস্থাপন করা হয়েছে। সম্পূর্ণ জরিপের নমুনা এলাকায় ৬৪৩,৬২১ জন পুরুষ এবং ৬৫৫,৮২০ জন নারীর উপস্থিতি পাওয়া গেছে। অর্থাৎ, প্রতি ১০০ জন নারীর বিপরীতে পুরুষ আছেন ৯৮.১২ জন, যা লিঙ্গানুপাতের আকস্মিক পতনকে নির্দেশ করে, ২০১৭ সাল থেকে যেটি স্থবির ছিল। উল্লেখ্য, মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (এমআইসিএস) ২০১৯-এ লিঙ্গানুপাত ছিল ৯৯.৬১। নমুনা জনসংখ্যার একটি অত্যন্ত স্বল্পসংখ্যক (৫৭ জন) পাওয়া গেছে, যারা হিজড়া হিসেবে নিজেদের লৈঙ্গিক পরিচয় উপস্থাপন করেছে।

২০২১ সালের এসভিআরএস জরিপ এলাকার জনগোষ্ঠীর বয়সভিত্তিক বিন্যাস ‘সারণি ২.৭’-এ তুলে ধরা হয়েছে। এতে দেখা যায়, জরিপ এলাকার ২৭.৭ শতাংশ জনগোষ্ঠীর বয়স ১৫ বছরের নিচে। ২০২০ সালের একই জরিপে এ হার ছিল ২৮.১ শতাংশ। কর্মক্ষম বয়সী জনসংখ্যার অনুপাত মোট জনসংখ্যার ৬৬.৬ শতাংশ পাওয়া গেছে, যা ২০২০ সালেও প্রায় একই রকম ছিল। বর্তমান জরিপে ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সী জনসংখ্যার অনুপাত ৫.৭২ শতাংশ, যা ২০২০ জরিপের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০২০ সালে এ বয়সী অংশে জনসংখ্যার অনুপাত ছিল ৫.৩ শতাংশ। ২০১৯ সালের মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভের ফলাফলে ১৫ বছরের কম বয়সী শিশুদের অনুপাত ছিল ২৯.৭৪ শতাংশ এবং ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সীদের অনুপাত ছিল ৬.০৬ শতাংশ।

চিত্র ২.১-এ জনসংখ্যা পিরামিডে ৫ বছর ভিত্তিক গ্রুপ পর্যায়ে জনসংখ্যার বয়স-লিঙ্গভিত্তিক বিন্যাস কাঠামো দেখানো হয়েছে।

## 2.4 Age-sex Composition of the Population

The age composition of a population is a very important factor in determining its socioeconomic well-being of a country. Table 2.7 below shows the household population of the SVRS areas by age and sex in percentages as enumerated in 2021. The complete enumeration found 643,621 males and 655,820 females in the sample areas resulting in a sex ratio 98.12 males per 100 females, which indicates a sudden fall in sex ratio which was stagnant since 2017. It is mention worthy that the sex ratio observed in Multiple Indicator Cluster Survey (MICS) 2019 was 99.61. A very small number of sample population (57 person) found who identified themselves as the Hijrha as their sex orientation.

The age distribution presented in Table 2.7 in SVRS areas for 2021 shows that 27.7 percent of the population are under 15 years of age. This was 28.1 percent in 2020 in the same setting. The proportion of population in working age group holds 66.6 percent of the total population which was almost the same in 2020. Population aged 65 years and over in the current survey constitute 5.72 percent of the total population increased with the proportion found in 2020 survey (5.3 percent). The corresponding proportion under the age of 15 is 29.74 percent and 6.06 percent at age 65 and over in the MICS 2019.


The age-sex structure of the population by 5-year age groups is displayed by the population pyramid in Figure 2.1

Table 2.7: Percent distribution of sample population by age and sex, SVRS 2021

Age group	2021			2020		
	Male	Female	Both sexes	Male	Female	Both sexes
0-4	9.14	8.64	8.88	8.5	8.3	8.4
5-9	9.19	8.80	8.99	9.1	8.8	9.0
10-14	10.19	9.48	9.83	10.6	10.9	10.7
15-19	10.55	9.69	10.11	10.5	9.1	9.8
20-24	8.91	9.51	9.21	8.9	9.3	9.1
25-29	7.43	8.61	8.03	7.7	8.8	8.2
30-34	7.38	8.40	7.90	7.8	8.8	8.3
35-39	7.12	7.85	7.49	7.2	7.9	7.5
40-44	6.55	6.55	6.55	6.6	6.6	6.6
45-49	5.35	5.02	5.18	5.6	5.2	5.4
50-54	5.07	5.08	5.08	5.1	4.8	5.0
55-59	3.92	3.95	3.93	3.9	3.7	3.8
60-64	3.27	2.91	3.09	3.2	2.7	2.9
65-69	2.48	2.27	2.37	2.4	2.1	2.3
70-74	1.67	1.47	1.57	1.5	1.4	1.5
75-79	0.94	0.85	0.90	0.9	0.8	0.8
80+	0.84	0.93	0.89	0.8	0.9	0.8
<15	28.51	26.91	27.70	28.2	28.0	28.1
15-64	65.56	67.56	66.57	66.3	66.8	66.6
65+	5.93	5.52	5.72	5.5	5.2	5.3
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
N	642,825	656,559	1,299,384*	643,254	641,759	1,285,013

\* Hijra population is not included.

Figure 2.1: Age-sex Pyramid of SVRS Population, SVRS 2021





সম্প্রতি স্থিতিশীল হতে শুরু করেছে) জনসংখ্যা কাঠামো দেখানো হয়েছে। এতে দেখা যাচ্ছে, পিরামিডের শীর্ষবিন্দুর তুলনায় নিচের দিকের ভিত্তি অনেক চওড়া এবং বয়স্ক জনগোষ্ঠীকে প্রতিনিধিত্ব করা পিরামিডের অংশটি অপেক্ষাকৃত সংকীর্ণ।

লক্ষ করলে দেখা যায়, দেশের সামগ্রিক জনসংখ্যার মধ্যক বয়স ২৭ বছর। নারী জনসংখ্যার মধ্যক বয়স (২৭ বছর) তুলনামূলকভাবে পুরুষ জনসংখ্যার তুলনায় বেশি। পুরুষদের মধ্যক বয়স ২৬ বছর, যা চিত্র ২.২-এর বক্স প্লটে দেখানো হয়েছে।

The pyramid shown in Figure 2.1 is a typical one for a developing country (that has recently started to stabilize) with its base wider at the bottom than at the top and goes narrower towards the older age groups.

Age distribution of SVRS 2021 reveals that the median age of the overall population is 27 years. The median age of the female population (27 years) is comparatively higher than its counterpart male population which is 26 years. Figure 2.2 shows the distribution of age in box plots.

Figure 2.2: Age Distribution Box Plots of Population, SVRS 2021



#### ২.৪.১ বয়স-লিঙ্গ সংক্রান্ত তথ্য গুণগত মান

এসভিআরএসে সংগৃহীত তথ্যসমূহ মূল্যায়নের সময় প্রতিবেদনে বয়স উল্লেখ করার বিষয়ে গুণগত মান নিশ্চিত করার ওপর বিশেষ জোর দেয়া হয়েছে। বয়সের তথ্যের গুণমান মূল্যায়নের ক্ষেত্রে বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে, যা বেশিরভাগ জনমিতিক হার এবং অনুপাত প্রাক্কলনের ক্ষেত্রে প্রাথমিক শর্ত হিসেবে কাজ করে। এ বিষয়ে তিনটি জনপ্রিয় সূচক রয়েছে। এগুলো হলো-মায়ার সূচক, হুইপল সূচক ও ইউএন এইজ-সেক্স অ্যাকুরেসি সূচক, যা ইউএন জয়েন্ট স্কোর হিসেবেও বিবেচিত। এ সূচকগুলোর সহায়তায় জরিপে জনসংখ্যার লিঙ্গভিত্তিক বয়স কাঠামো লিপিবদ্ধ করা হয়েছে (সারণি ২.৮ দ্রষ্টব্য)। বয়স লিপিবদ্ধকরণে গুণমান মূল্যায়নের জন্য এ সূচকসমূহের ব্যবহার ছাড়াও গ্রাফিকাল উপকরণগুলোও একই কাজ করতে ব্যবহার করা যেতে পারে।

#### 2.4.1 Quality of Age-Sex Reporting

The data collected in SVRS have been evaluated to shed light on the quality of age reporting. Particular attention has been given to assess the quality of age data, which are of primary importance in estimating most of the demographic rates and ratios. Three popular indices viz. Myer's index, Whipple's index, and UN Age-Sex Accuracy Index, also called UN Joint Score have been computed from reported age distributions by sex for this purpose (see Table 2.8). Apart from the use of those indices in assessing the quality of age reporting, graphical devices may also be used to do the same.

Table 2.8: Myer's, Whipple's and UN Joint Score, SVRS 2021

Year	Whipple's Index		Myer's Index		UN Joint Score
	Male	Female	Male	Female	Both sexes
2016	92.7	91.0	3.2	3.7	56.3
2017	91.7	89.0	3.4	3.9	50.6
2018	96.6	98.4	3.1	3.2	57.7
2019	108.4	108.5	3.4	3.7	48.3
2020	94.3	93.8	3.4	3.1	39.7
2021	103.1	103.2	7.4	7.0	26.5




চিত্র ২.২-এ একক বছর বয়সভিত্তিক লিঙ্গভিত্তিক বন্টন দেখানো হয়েছে। চিত্রটিতে ০ ও ৫ বয়সীদের সাধারণ বৈশিষ্ট্যসমূহ স্পষ্টীকরণের পাশাপাশি সম্পূরক হিসেবে ২ ও ৮ বছর বয়সীদের বৈশিষ্ট্যসমূহও দেখানো হয়েছে।

মায়ার সূচক ও হুইপল সূচক এক বছর বয়সীদের লিঙ্গভিত্তিক বয়স বন্টনের বিষয়টি নির্দেশ করে। পাঁচ বছর বয়সীদের বয়সভিত্তিক বন্টন নির্দেশ করা হয়েছে জাতিসংঘের উদ্ভাবন করা এইজ-সেক্স অ্যাকুরেসি সূচক দ্বারা। এ সূচকটিতে বয়সের অনুপাত এবং লিঙ্গ অনুপাতের ভিত্তিকে জনসংখ্যার বন্টন দেখানো হয়েছে। চিত্র ২.২: এসভিআরএস ২০২১ জরিপে অন্তর্ভুক্ত এক বছর বয়সীদের বয়স ও লিঙ্গভিত্তিক বন্টন দেখানো হয়েছে।

Figure 2.3 displays the single year age distribution by sex. The figure shows a common feature of conspicuous age heaping with digits ending in 0 and 5 with subsidiary heaping at ages 2 and 8.

The Myers' index and Whipple's index are based on single year age distribution by sex. The five-year age distribution was further assessed by what is known as the age-sex accuracy index developed by United Nations. This index is computed from the age ratios and sex ratios. Figure 2.3 shows the age-sex distribution of SVRS 2021 population in single years.

Figure 2.3: Single-year Age Distribution by sex, SVRS 2021



হুইপলের সূচক হলো একক স্থানে ০ ও ৫ ব্যবহৃত হওয়া বয়সের গড়ের মাত্রার একটি সংক্ষিপ্ত পরিমাপ। এটি এমনই একটি সূচক যেখানে ২৩ থেকে ৬২ বছরের বয়সসীমার মধ্যে ০ ও ৫ ব্যবহার রেকর্ড করা জনসংখ্যার যোগফল এবং সেই ফলাফলকে ২৩ থেকে ৬২ বছরের মধ্যকার মোট জনসংখ্যার পাঁচ ভাগের এক ভাগ দিয়ে ভাগ করে বয়সভিত্তিক অনুপাত বের করা হয়। এভাবে ০ থেকে ৫-এর মধ্যে যে কোনো সংখ্যার মান নির্ণয় করলে হুইপলের সূচকের আনুমানিক মান দাঁড়াবে ১০০। আর যদি ০ থেকে ৫ পর্যন্ত অবস্থানকারী সমগ্র জনসংখ্যার সংখ্যাাত্ত্বিক মান একত্রিত করা হয়, তাহলে সূচকটি ৫০০ হবে।

এসভিআরএস ২০২১-এ জনসংখ্যার বয়স বন্টনের জন্য হুইপলের সূচকে পুরুষ জনগোষ্ঠীর মান দাঁড়িয়েছে ১০৩.১ এবং নারীদের মান দাঁড়িয়েছে ১০৩.২। বয়সের গড়ের ভিত্তিতে কার্যত সামান্য লিঙ্গপার্থক্য দেখা গেছে। কিন্তু ২০২০-এর সূচকের তুলনায় একক স্থানে ০ ও ৫ ব্যবহার হওয়া বয়সের গড়ের তুলনায় এবার গড় বয়স বেশি পাওয়া গেছে (সারণি ২.৮ দ্রষ্টব্য)।

২০১১ সালের আদমশুমারির ফলাফলে দেখা যায়, পুরুষদের ক্ষেত্রে এ সূচকটির মান ছিল জন্য ২৫৬.৭ এবং মহিলাদের ক্ষেত্রে ছিল জন্য

Whipple's index is a summary measure of the degree of heaping on the ages ending in digits 0 and 5. It is calculated by summing the population recorded at ages 0 and 5 between an arbitrary age-range 23 to 62 years and dividing the result by one-fifths of the total population between 23 and 62 expressed as percentage. Thus, if there is no heaping whatever on the 0's and 5's, Whipple's index would be approximately 100; if the heaping were such that the entire population was reported at these ages, the index would be 500.

The Whipple's indices calculated from the age distribution for 2021 SVRS are 103.1 for males and 103.2 for females, showing virtually little sex differentials in age heaping but increase in age heaping at ages ending in 0 and 5 over its 2020 indices (see Table 2.8).

The corresponding indices for the 2011 census were 256.7 for males and 267.6 for females with an index of 262.18 for both sexes. Based on the UN



২৬৭.৬। উভয় লিঙ্গের ইউএন যৌথ সূচকের মান ছিল ২৬২.১৮। জাতিসংঘের মূল্যায়নের মানদণ্ড অনুসারে, ২০১১ সালের আদমশুমারির বয়স রিপোর্টিং ছিল উচ্চ পর্যায়ের অমসৃণ এবং সমন্বয় ব্যতীত তা কাজে লাগানোর উপায় ছিল না। একই মানদণ্ডের ওপর ভিত্তি করে এসভিআরএস জরিপেও বয়স মূল্যায়ন করা হয়েছে। তবে, এক্ষেত্রে ২০১১ সালের তুলনায় বয়স রিপোর্টিং-এ অনেক অগ্রগতি হয়েছে, যদিও কিছু ক্ষেত্রে এখনো ‘অমসৃণ’ ক্যাটাগরিই রয়ে গেছে।

সারণি ৩.৭-এ বিভিন্ন প্রকারের প্রসবকালে সহায়তাকারীদের বিন্যাস তুলে ধরা হয়েছে। মোটাদাগে তাদের দক্ষ ও অদক্ষ শ্রেণিভুক্ত করা যায়। উল্লিখিত সারণিতে দেখা যাচ্ছে, ৪৭.৮ শতাংশ প্রসবের সময় চিকিৎসক উপস্থিত ছিলেন। ১০.১ শতাংশ প্রসব সম্পন্ন হয়েছে নার্স অথবা মিডওয়াইফদের সহায়তায়। ২১.১ শতাংশ প্রসব সম্পন্ন হয়েছে অন্যান্য প্রশিক্ষিত স্বল্প দক্ষ স্বাস্থ্যসেবা প্রদানকারীর সহায়তায়। এসব স্বাস্থ্যসেবা প্রদানকারীর মধ্যে রয়েছে প্রশিক্ষিত মিডওয়াইফ, প্যারামেডিক/পরিবার কল্যাণ পরিদর্শক, স্বাস্থ্যসেবা সহকারী (এমএ)/সাব-অ্যাসিস্ট্যান্ট কমিউনিটি মেডিকেল অফিসার (এসএসসিএমও) এবং স্বাস্থ্য সহকারী/পরিবার কল্যাণ সহকারী। বাদ বাকি ২০.১ শতাংশ প্রসবে সহায়তা করেছে অদক্ষ সেবাদানকারীরা। দক্ষ সেবাদানকারীর সহায়তায় প্রসূতি সেবার অনুপাত পল্লি অঞ্চলের তুলনায় শহরাঞ্চলে অনেক বেশি। শহরাঞ্চলে দক্ষ চিকিৎসক, নার্স ও মিডওয়াইফের সহায়তায় ৭৪.৪% প্রসব সম্পন্ন হয়। পল্লি অঞ্চলে দক্ষ সেবাদানকারীর সহায়তা পান ৫৪.০% প্রসূতি মা। এক্ষেত্রে পল্লি ও শহরে দক্ষ সেবাদানকারীর সহায়তা পাওয়ার মধ্যে ব্যবধান ২০ শতাংশ পয়েন্ট। প্রসূতি সেবায় স্বল্প দক্ষ সেবাদানকারীর উপস্থিতির হার শহরের

provided in Table from 3.6 through Table 3.10 in this section. These indices are closely related to the Sustainable Development Goals (SDG) indicators.

### (a) Place of Birth

Table 3.6 presents the place of births by administrative divisions of Bangladesh. Of the total births, a little more than one third (35.2%) of the births took place at home within the sample areas slightly increase than in 2020 of 33.4%. The next choice was the hospital where 25.8 percent of the births took place, followed by local clinics (26.8%). About 8 percent of the deliveries took place outside the sample areas. It could not however be ascertained whether these births were attended by traditional birth attendants or trained attendants or both.

Sylhet division appears to have the highest proportion (53.6%) of births delivered within the sample areas followed by Barishal division (50.0%). Mothers of Chattogram division were more in proportion (36.2%) to receive delivery facilities in the hospital, showing no change in this respect over the last one year. A large proportion of births ranging from as low as 9.3 percent in Chattogram division to as high as 47.3 percent in Khulna division took place apparently in private clinics. The use of maternity clinics is claimed by 1.5 percent of the mothers in delivery of births.

### (b) Birth Attendant

Table 3.7 shows the distribution of birth attendants of different categories. They can broadly be categorized as skilled and unskilled. The table under reference shows that 47.8 percent of the deliveries were attended by doctors, while 10.1 percent births were attended by Nurse or midwives, 21.1 percent births were attended by other trained semi-skilled health personnel including Trained midwife, Paramedic / Family Welfare visitor, Medical Assistant (MA)/ Sub-assistant Community Medical Officer (SACMO), Health Assistant/Family Welfare Assistant, and the remaining (20.1) by unskilled attendants. Skilled attendants in urban areas (74.4%) including qualified doctors, nurses and midwives surpassed their rural counterparts (54.0%) by a difference of more than 20 percentage points. Semi-skilled health personnel are found higher (22.4%) in rural



তুলনায় পল্লি অঞ্চলে বেশি। পল্লি অঞ্চলে এ ধরনের সেবাদানকারীরা ২২.৪% প্রসবের ক্ষেত্রে সহায়তা করে থাকেন। শহরাঞ্চলে এ অনুপাত ১৫.৭%। প্রসবকালে অদক্ষ সেবাদানকারীর সহায়তা গ্রহণের অনুপাত শহরাঞ্চলের তুলনায় পল্লি অঞ্চলে ২.৩ গুণ বেশি।

#### (গ) কৈশোরে সন্তান জন্মদান

শহর ও পল্লি অঞ্চলে কিশোরী বয়সে সন্তান জন্মদানের বিস্তার সারণি ৩.৮-এ দেখানো হয়েছে। সর্বশেষ এসভিআরএস জরিপের তথ্যে দেখা যায়, কিশোরীদের মধ্যে ১৫ থেকে ১৯ বছর বয়সী গ্রুপে মা হওয়ার অনুপাত সবচেয়ে বেশি; প্রতি ১০০০ কিশোরীর বিপরীতে ৭২.৩। মোট ভূমিষ্ঠ হওয়া শিশুর জন্মের ১৮.৯ শতাংশ সংঘটিত হয় এ বয়সভিত্তিক গোষ্ঠীর নারীদের মধ্যে। ১৫ বছরের কম বয়সী কিশোরীদের মধ্যেও উল্লেখযোগ্য সংখ্যক মা হন। এ বয়সী গ্রুপের মধ্যে মা হওয়ার হার প্রতি ১০০০-এর বিপরীতে ০.২। কিশোরী বয়স অতিক্রান্ত হওয়ার (যথা: ২০ বছর বা তদূর্ধ্ব) পরের বয়সভিত্তিক মহিলাদের মধ্যে কিশোরীদের তুলনায় সন্তান প্রসবের হার তুলনামূলক কম। প্রতি ১০০০ জন মহিলার বিপরীতে এ শ্রেণির প্রজনন হার ৪৭.৪। সামগ্রিকভাবে ১৯ শতাংশ টিএফআর অবদান রয়েছে কিশোরী মায়াদের।

#### (ঘ) মৃত অবস্থায় জন্ম

এসভিআরএস-এ মৃত অবস্থায় জন্মের বিষয়ে ডব্লিউএইচও প্রদত্ত আন্তর্জাতিক সংজ্ঞা অনুসরণ করা হয়েছে। ডব্লিউএইচও'র সংজ্ঞা অনুসারে, ২৮ সপ্তাহের গর্ভধারণের সময় বা তার পরে প্রসবের কোনো লক্ষণ ছাড়াই হঠাৎ শিশুর ভূমিষ্ঠ হওয়াকে মৃত অবস্থায় জন্ম হিসেবে চিহ্নিত করা হয়েছে।

২০২১ সালে জরিপে সামগ্রিক মৃত প্রজনন হার রেকর্ড করা হয়েছে প্রতি ১০০০ জীবিত জন্মের বিপরীতে ৮.৪। ২০২০ সালের তুলনায় এ হার হ্রাস পেয়েছে প্রায় ২৪ শতাংশ। সারণি ৩.১০-এ দেখা যাচ্ছে, মৃতজন্ম সবচেয়ে বেশি সংঘটিত হয়েছে রাজশাহী বিভাগে। এ বিভাগে প্রতি ১০০০ জীবিত জন্মের বিপরীতে মৃত অবস্থায় জন্ম ১১.০। এক্ষেত্রে পরের অবস্থানে আছে বরিশাল বিভাগ। বিভাগটিতে প্রতি ১০০০ জীবিত জন্মে মৃত জন্মের হার ১০.৬। খুলনা বিভাগে মৃত জন্মের হার সবচেয়ে কম; প্রতি ১০০০ জীবিত জন্মে ৩.৭।

২০২১ সালের জরিপের ফলাফলে দেখা যায়, পল্লি অঞ্চলে মহিলাদের মধ্যে মৃত সন্তান প্রসবের হার শহরের তুলনায় প্রায় ২৫.৮ শতাংশ বেশি। এক্ষেত্রে পল্লি ও শহরের অনুপাত হচ্ছে ৮.৯ : ৬.৬। এ ফলাফলগুলো ২০২০ সালের জরিপ ফলাফলের ঠিক বিপরীত। ২০২০ সালে শহরে মহিলাদের মধ্যে পল্লি অঞ্চলের মহিলাদের তুলনায় মৃত সন্তান প্রসবের হার বেশি ছিল।

areas as birth attendant than in urban areas (15.7%). Unskilled birth attendants in rural areas are more than 2.3 times as likely as the urban attendants in urban areas to attend a delivery.

#### (c) Births in Adolescence

Distribution of births to adolescents in urban and rural areas is shown in Table 3.8. The latest SVRS survey data reveal that adolescent women in the age range 15–19 have the highest fertility rate: 72.3 per 1000 adolescents. Of the total births, 18.9 percent occurred to this group of women. A significant number of births also occur to the women under age 15 resulting in a birth rate of 0.2 per 1000 women. Beyond adolescence (i.e. at age 20 and above), the rate is lower with 47.4 per 1000 women than those of the adolescents' rate mentioned above. Nineteen percent of the overall TFR is contributed by these adolescent women.

#### (d) Still Birth

SVRS follows the WHO recommended definition of still birth for international comparison. As per the WHO definition, a birth is considered to be still birth if a birth baby born with no signs of life at or after 28 weeks' gestation.

The overall still birth rate in the study areas in 2021 round of survey is 8.4 per 1000 live births showing a decrease of about 24 percent in a time span of one year since 2020. As shown in Table 3.10, still births occur with the highest frequency (11.0 per 1000 live births) in Rajshahi division followed by Barishal division (10.6 per 1000 live births). The prevalence of still births is the lowest (3.7 per 1000 live births) in Khulna division.

In contrast to the survey results of 2020, the women in rural areas are 25.8 percent less likely as the women in urban are to have still births: 8.9 versus 6.6. These findings are in sharp contrast with the 2020 survey findings when the urban women were more likely to have still birth compared to their rural counterparts.

Table 3.6: Place of birth by division, SVRS 2021

Place of birth	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	Total
Within sample area at sample household	50.0	45.3	27.6	19.8	40.3	23.1	37.3	53.6	35.2
Within sample area at another household	2.1	2.7	2.8	2.3	4.5	4.5	3.1	1.8	3.0
Outside sample area	6.7	5.2	8.0	8.5	9.2	12.7	5.6	3.8	7.5
Hospital	16.4	36.2	32.1	21.0	18.8	20.1	13.7	24.4	25.8
Clinics	23.6	9.3	27.4	47.3	24.9	38.3	37.9	15.2	26.8
Maternity clinic	1.4	1.3	1.8	1.0	2.2	1.2	2.1	1.1	1.5
Others	0.0	0.1	0.3	0.2	0.1	0.1	0.2	0.1	0.2
<b>Total</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>

Table 3.7: Birth attendant by residence, SVRS 2021

Attendant	Rural	Urban	Total
Doctors	44.65	61.04	47.77
Nurse / Midwife	9.37	13.35	10.13
Trained Midwife	19.48	12.30	18.11
Paramedic / Family Welfare Visitor	1.25	1.37	1.28
Medical assistant (MA)/Sub-Assistant Community Medical Officer (SACMO)	1.05	0.67	0.98
Health assistant (HA)/Family Welfare Assistant (FWA)	0.64	1.31	0.76
Traditional Birth Attendant	15.09	6.04	13.37
Quack doctor	0.75	0.17	0.64
Neighbours / Relatives	7.66	3.72	6.91
Others	0.07	0.04	0.06
<b>Total</b>	<b>100.0</b>	<b>100.0</b>	<b>100.0</b>

Table 3.8: Births per 1000 adolescent women by residence and current age, SVRS 2021

Age	Rural	Urban	Total	Percent of births
<10-14	0.2	0.1	0.2	0.1
15-19	79.1	49.7	72.3	18.9
20+	49.0	42.7	47.4	81.0
<b>Total</b>	<b>38.6</b>	<b>32.5</b>	<b>37.1</b>	<b>100.0</b>

Table 3.9: Births per 1000 to adolescent women by division and current age, SVRS 2021

Age	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	Total
<10-14	0.2	0.2	0.1	0.2	0.1	0.6	0.3	0.0	0.2
15-19	66.9	74.3	60.5	84.0	65.8	90.2	96.4	36.9	72.3
20+	49.3	55.0	44.0	42.2	56.8	41.4	44.2	54.8	47.4
<b>Total</b>	<b>37.7</b>	<b>40.8</b>	<b>34.0</b>	<b>35.7</b>	<b>41.4</b>	<b>35.8</b>	<b>37.7</b>	<b>36.8</b>	<b>37.1</b>

Table 3.10: Still birth rate (per 1000 live births) by residence and division, SVRS 2021

Background characteristics	Still-birth rate
<b>Residence</b>	
Rural	8.9
Urban	6.6
<b>Division</b>	
Barishal	10.6
Chattogram	10.0
Dhaka	6.1
Khulna	3.7
Mymensingh	9.2
Rajshahi	11.0
Rangpur	10.3
Sylhet	8.5
<b>Total</b>	<b>8.4</b>

### ৩.১ প্রজনন ও পুনঃপ্রজনন গতিধারা: ১৯৮২-২০২১

১৯৮২ সাল থেকে সিবিআর, জিএফআর, টিএফআর, জিআরআর এবং এনআরআরের সামগ্রিক নমুনাসমূহ তুলনার মাধ্যমে প্রতিবেদনের এ অংশে প্রজনন হারের প্রবণতা বিশ্লেষণ করা হয়েছে। বিশ্লেষণান্তে প্রাপ্ত প্রাক্কলনসমূহ সারণি ৩.১১-এ উপস্থাপন করা হয়েছে। বিশ্লেষণে দেখা যায়, ১৯৮৬ সাল পর্যন্ত সামগ্রিক প্রজনন হার ছিল ৩৫-এর কাছাকাছি, যা পরবর্তী সময়ে হ্রাস পেতে শুরু করে এবং ২০০১ সালে ১৯-এ পৌঁছে। তার মানে প্রায় ১৫ বছরে স্থূল জন্মহার প্রায় ৫০ শতাংশ হ্রাস পেয়েছে। তারপর প্রায় দুই থেকে তিন বছরের স্বল্প সময়ের জন্য এ হারটি ধীর গতিতে বৃদ্ধি পেতে থাকে। এরপর এটি ফের হ্রাস পেতে থাকে এবং ২০২০ সালে তা এ যাবৎকালের সর্বনিম্ন পর্যায়ে পৌঁছে, ১৮.১। ২০২১ সালে এ হার কিছুটা বেড়ে ১৮.৮-এ পৌঁছেছে।

জিএফআরের বিবর্তনের ক্ষেত্রেও একই ধরনের বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়েছে। ১৯৮২ সালে বাংলাদেশে এটির হার ছিল ১৬৪, যা হ্রাস পেয়ে ২০২১ সালে ৬৬ পয়েন্টে নেমে আসে। ৩৮ বছরে এ হারটি হ্রাস পেয়েছে প্রায় ৪০ শতাংশ।

মহিলাদের মাথাপিছু মোট প্রজনন হারে (টিএফআর) পতন ঘটেছে খুব দ্রুত গতিতে। ১৯৮২ সালে প্রতি মহিলার বিপরীতে টিএফআর ছিল ৫.২১। ২০২০ সাল পর্যন্ত হ্রাস পেতে পেতে তা ২.০৪-এ নেমে আসে। তবে ২০২১ সালে এটি কিছুটা বৃদ্ধি পেয়ে ২.০৫-এ পৌঁছেছে। উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, সাম্প্রতিক সময়ে টিএফআর সম্ভাবত ২.০-এর আশেপাশে একটি মানসহ নির্দিষ্ট স্থিরবিন্দুতে পৌঁছেছে। প্রজনন হার পরিমাপের অন্যান্য পদ্ধতির মতো জিআরআর ও এনআরআরের বিবর্তনের ক্ষেত্রেও একই ধরনের বৈশিষ্ট্য পরিলক্ষিত

### 3.3 Trends in Fertility and Reproduction: 1982-2021

The trends in fertility over time have been examined in this section by comparing the CBR, GFR, TFR, GRR and NRR for the overall sample since 1982. Table 3.11 presents these estimates. The crude birth rate remained in the neighbourhood of 35 till 1986, which thereafter began to decline and reached to 19 in 2001, implying almost a 50 percent fall in about 15 years. The rate then recorded a slow rise for a short period of about 2 to 3 years and then started again to decline reaching to its lowest level (18.1) as recorded in 2020. In 2021, this rate increased slightly to 18.8.

The GFR also displays the same characteristic features. Beginning with a value of as high as 164 in 1982, the rate reached to 66 in 2021 implying about 40 percent decline in 38 years.

The TFR declined sharply from 5.21 births per woman in 1982 to 2.04 in 2020, which increased slightly to 2.05 in 2021. As the data show, the TFR has possibly reached a plateau in recent time with a value in the neighbourhoods of 2.0. The GRR and NRR demonstrate the same feature of trends as discerned by the remaining measures of fertility. Available measures of fertility and reproduction tend to suggest that Bangladesh has apparently reached nearly to a scenario of replacement level of fertility.

হয়। প্রজনন পরিমাপের সাধারণ পরিমাপকগুলোর ফলাফল ও পুনঃপ্রজননের প্রবণতা থেকে অনুমান করা যায় যে, বাংলাদেশে দৃশ্যত প্রজনন হার প্রতিস্থাপন স্তরের প্রায় কাছাকাছি পর্যায়ে অবস্থান করছে। কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সহজাত গতির কারণে প্রজনন হার হ্রাসের প্রভাব স্পষ্টভাবে বোঝা যায় না।

চিত্র ৩.৬-এর মাধ্যমে 'চিত্র ৩.২-এ প্রজনন হারের প্রতিটি পরিমাপকের ফলাফল চিত্রের মাধ্যমে দেখানো হয়েছে, যা থেকে বিভিন্ন সময়ে প্রজনন হারের প্রবণতা সম্পর্কে আরও স্পষ্ট ধারণা পাওয়া যাবে।

But its effect in population growth is not clearly discernible owing to the inherent population momentum.

A diagrammatic view of each of the rates is shown in Figure 3.2 through Figure 3.6 to understand the fertility trends more vividly overtime.

Table 3.11: Trends in fertility as observed in the SVRS areas, 1982–2021

Year	Fertility measures				
	CBR	GFR	TFR	GRR	NRR
1982	34.8	164	5.21	2.54	1.98
1983	35.0	162	5.07	2.45	1.92
1984	34.8	173	4.83	2.34	1.81
1985	34.6	156	4.71	2.20	1.79
1986	34.4	152	4.70	2.29	1.80
1987	33.3	150	4.42	2.14	1.69
1988	33.2	145	4.45	2.21	1.74
1989	33.0	144	4.35	2.10	1.72
1990	32.8	144	4.33	2.10	1.71
1991	31.6	145	4.24	2.06	1.70
1992	30.8	143	4.18	2.03	1.68
1993	28.8	138	3.84	2.01	1.57
1994	27.0	137	3.58	1.81	1.48
1995	26.5	130	3.45	1.68	1.48
1996	25.6	115	3.41	1.66	1.46
1997	21.0	110	3.10	1.52	1.37
1998	19.9	102	2.98	1.45	1.31
1999	19.2	84	2.64	1.29	1.25
2000	19.0	81	2.59	1.27	1.24
2001	18.9	80	2.56	1.26	1.23
2002	20.1	86	2.55	1.26	1.22
2003	20.9	84	2.57	1.24	1.20
2004	20.8	83	2.51	1.21	1.18
2005	20.7	82	2.46	1.19	1.17
2006	20.6	80	2.41	1.17	1.15
2007	20.9	79	2.39	1.17	1.14
2008	20.5	77	2.30	1.11	1.09
2009	19.4	72	2.15	1.07	1.06
2010	19.2	71	2.12	1.05	1.04

Year	Fertility measures				
	CBR	GFR	TFR	GRR	NRR
2011	19.2	70	2.11	1.04	1.03
2012	18.9	70	2.12	1.05	1.04
2013	19.0	71	2.11	1.02	1.01
2014	18.9	71	2.11	1.05	1.04
2015	18.8	69	2.10	1.05	1.00
2016	18.7	69	2.10	1.02	1.00
2017	18.5	68	2.05	1.02	1.00
2018	18.3	67	2.05	1.01	1.00
2019	18.1	66	2.04	1.01	1.00
2020	18.1	65	2.04	1.01	1.00
2021	18.8	66	2.05	0.99	0.98

এসভিআরএস ২০২১-এ জেলাভিত্তিক প্রজনন হারও উপস্থাপন করা হয়েছে, যা থেকে সিবিআর, জিএফআর ও টিএফআর সম্পর্কে ধারণা পাওয়া যায়। এসব হারের ফলাফল পৃথকভাবে মানচিত্র ৩.১, ৩.২ ও ৩.৩-এ উপস্থাপন করা হয়েছে।

Birth data are also available for SVRS 2021 district-wise, from which CBR, GFR and TFR have been computed. Mapping of such rates has been shown separately in Maps 3.1, 3.2 and 3.3 respectively.

Figure 3.2: Crude Birth Rate (CBR) per 1000 population by locality, SVRS 2002-2021






Figure 3.3: Trends in GFR, SVRS 2002–2021




Figure 3.4: Trends in TFR, SVRS 2001–2021




Figure 3.5: Trends in GRR, SVRS 2001–2021






Figure 3.6: Trends in NRR, SVRS 2001–2021



Map 3.1: Crude Birth Rate (CBR) by District, SVRS 2021





Map 3.2: General Fertility Rate by District, SVRS 2021



Map 3.3: Total Fertility Rate by District, SVRS 2021






অধ্যায় ৪:

# মরণশীলতা ও এর পরিমাপকসমূহ

CHAPTER 4:

MORTALITY AND ITS MEASURES





## অধ্যায় ৪: মরণশীলতা ও এর পরিমাপকসমূহ

## CHAPTER 4: MORTALITY AND ITS MEASURES

### ৪.১ মরণশীলতার পরিমাপকসমূহ

মৃত্যু অবস্থাকে (মৃত্যুর জন্য নির্ধারিত) মরণশীলতা হিসেবে বিবেচনা করা হয়। মরণশীলতার হার একটি দেশের গুরুত্বপূর্ণ জনমিতিক নির্দেশক। কারণ এটিতে একটি দেশের জনগণের স্বাস্থ্যের পরিস্থিতি প্রতিফলিত হয়। মরণশীলতার মাত্রা, ধরন ও গতিধারা একটি দেশের মৃত্যুহারের পরিস্থিতি, বৈশিষ্ট্যাবলি এবং সময়ের সঙ্গে এর তারতম্যের মাত্রা নির্দেশ করে। তাই স্বাস্থ্য ও দারিদ্র্য বিমোচন-সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচি বাস্তবায়নের জন্য মৃত্যুহারের গতিধারার ধরন ও মাত্রার বিষয়ে মূল্যায়ন করা প্রয়োজন। ২০২১ সালে এসভিআরএস জরিপ এলাকায় নিবন্ধিত মৃত্যুর পরিসংখ্যানের ওপর ভিত্তি করে এ অধ্যায়ে মৃত্যুহারের নিম্নবর্ণিত পরিমাপ উপস্থাপন করা হয়েছে:

- (ক) স্থূল মৃত্যুর হার
- (খ) বয়ঃনির্দিষ্ট মৃত্যুর হার
- (গ) শিশুমৃত্যুর হার
- (ঘ) মাতৃমৃত্যুর অনুপাত
- (ঙ) কারণ-নির্দিষ্ট মৃত্যুর হার

#### ৪.১.১ স্থূল মৃত্যুর হার

মৃত্যুর হার পরিমাপের সহজতম উপায় হলো স্থূল মৃত্যুর হার (সিডিআর) পরিমাপ পদ্ধতি। এ হার পরিমাপের জন্য যে উপাত্ত প্রয়োজন হয় তা হলো, কোনো নির্দিষ্ট সময়ের (সাধারণত এক বছর) মোট মৃত্যুর সংখ্যা এবং একই সময়ে দেশের মোট জনসংখ্যা। এ হার সমগ্র দেশের জন্যও পরিমাপ করা যেতে পারে, আবার কোনো নির্দিষ্ট পপুলেশন, যেমন কোনো প্রশাসনিক বিভাগ, বসবাসের স্থান অথবা জনসংখ্যার অন্যান্য অংশের ওপরও মৃত্যুর হার পরিমাপ করা যেতে পারে। নিম্নোক্ত উপায়ে এটিকে আনুষ্ঠানিকভাবে সংজ্ঞায়িত করা যায়:

**Definition 4.1:** Crude death rate is the ratio of the number of deaths in an area during a specified period of time to the mid-year population of that area.

২০২১ সালে এসভিআরএস নমুনা এলাকায় প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে সামগ্রিক স্থূল মৃত্যুহার (সিডিআর) ছিল ৫.৭, যা আগের বছরে ৫.১-এর তুলনায় কিছুটা বেশি। হিসাবমতে, এক বছরের ব্যবধানে স্থূল মৃত্যুর হার বেড়েছে ১১ শতাংশের কিছুটা বেশি। শহরের তুলনায় পল্লি অঞ্চলে মৃত্যুহার বেশি। পল্লি অঞ্চলে

### 4.1 Measures of Mortality

Mortality refers to the state of being mortal (destined to die). Mortality rates and ratios are important demographic indicators reflecting the health situation of the population of a country. Levels, patterns and trends in mortality indicate the mortality scenarios, characteristic features and extent of variation over time. Therefore, evaluation of the patterns and determination of the levels and trends in mortality are needed for the formulation of plans and implementation of programs especially in health and poverty alleviation related sectors. Based on the death statistics registered in the SVRS areas, in 2021, this chapter is designed to provide the following measures of mortality:

- (a) Crude Death Rate
- (b) Age-Specific Death Rate
- (c) Childhood Mortality Rate
- (d) Maternal Mortality Ratio
- (e) Cause-Specific Death rate

#### 4.1.1 Crude Death Rate

The simplest measure of mortality is the crude death rate (CDR). The data needed for the calculation of these rates are the number of deaths in a specified period of time usually one year and total population of the same period. The rate may be calculated for the country as a whole or for any defined part of the population, for example, for administrative division, region of residence or any other segments of the population. This can be defined formally as follows:

The overall crude death rate (CDR) for the sample areas was computed to be 5.7 per 1000 population in 2021, as opposed to a slightly higher rate of 5.1 in the previous year, suggesting a marginal increase of a little more than 11 percent in one year. In rural

সিডিআর পরিমাপ করে এ অনুপাত পাওয়া গেছে ৬.০। অন্যদিকে, শহরে এ হার ৪.৮। পূর্ববর্তী বছরের হারের সঙ্গে তুলনা করলে দেখা যায়, পল্লি অঞ্চলে এ হারে ঈষৎ বৃদ্ধি ঘটেছে। অন্যদিকে, শহরাঞ্চলে গত এক বছরে সামান্য হ্রাস পেয়েছে।

বিভাগ পর্যায়ের হিসাব বিশ্লেষণ করলে দেখা যায়, বিভিন্ন বিভাগের মৃত্যুহারের মধ্যে সামান্য ব্যবধান বিদ্যমান। ঢাকা বিভাগে স্থূল মৃত্যুহার সর্বনিম্ন (৫.১) এবং ময়মনসিংহ বিভাগে সর্বোচ্চ (৬.৩)। মুসলমানদের মধ্যে এ হার সর্বনিম্ন (৫.৬) এবং হিন্দুদের মধ্যে তা ৭। ২০২০ সালের ফলাফলের তুলনায় ২০২১ সালে মুসলমানদের মৃত্যুহার বাড়বে বলে ধারণা করা হচ্ছে। অন্যান্য ধর্মের ক্ষেত্রে বৃদ্ধির এ প্রবণতা লক্ষ করা যেতে পারে। সম্পদ কুইন্টাইলের মধ্যম গ্রুপের মধ্যে স্থূল মৃত্যু হার সবচেয়ে বেশি (৭.০) তারপরে রয়েছে সবচেয়ে দরিদ্র গোষ্ঠী। এসভিআরএস ২০২১-এ সবচেয়ে কম স্থূল মৃত্যুহার দেখা গেছে অপেক্ষাকৃত ধনী সম্পদ কুইন্টাইল শ্রেণির মধ্যে। সারণি ৪.১-এ এ-সংক্রান্ত ফলাফলসমূহ তুলে ধরা হয়েছে।

areas, the CDR is 6.0 as against a rate of 4.8 in the urban areas. These tend to suggest, when compared with the previous year's rate that there has been a minor increase in the rate in the rural areas while the urban areas experienced a minor decline over the last one year.

The rates vary marginally by division from as low as 5.1 in Dhaka division to as high as 6.3 in Mymensingh division. The rate is the lowest (5.6) among the Muslims, and 7 among the Hindu community. Compared to the 2020 findings, the rate of Muslims seems to increase in 2021, while the others also suffer more in respect of mortality. The crude death rate among the middle wealth quintile group is the highest (7.0) followed by the poorest group. The richer wealth quintile group is observed with the lowest crude death rate in SVRS 2021. The results are summarized in Table 4.1.

**Table 4.1: Crude death rate per 1000 population by background characteristics, SVRS 2021**

Background Characteristics	No of deaths	Population	Crude death rate
<b>Residence</b>			
Rural	5,968	992,025	6.0
Urban	1,478	307,416	4.8
<b>Division</b>			
Barishal	442	72,441	6.1
Chattogram	1,534	252,710	6.1
Dhaka	1,715	334,968	5.1
Khulna	850	142,979	5.9
Mymensingh	632	100,716	6.3
Rajshahi	1,030	166,493	6.2
Rangpur	755	144,806	5.2
Sylhet	487	84,328	5.8
<b>Religion</b>			
Muslim	6,451	1,156,361	5.6
Hindu	875	125,347	7.0
Others	119	17,732	6.7
<b>Wealth Quintile</b>			
Poorest	1,712	281,868	6.1
Poorer	1,509	293,148	5.1
Middle	1,984	282,578	7.0
Richer	1,251	250,663	5.0
Richest	990	191,183	5.2
<b>Total</b>	<b>7,446</b>	<b>1,299,441</b>	<b>5.7</b>

এ অধ্যায়ের শেষ দিকে মানচিত্র ৪.১-এ জেলাভিত্তিক স্থূল মৃত্যুর হার দেখানো হয়েছে।

### ৪.১.২ বয়ঃনির্দিষ্ট মৃত্যুর হার

প্রজনন হারের মতোই মৃত্যুর ঘটনাবলিও বয়স অনুসারে বিন্যাস করা যেতে পারে এবং বয়স অনুসারে উপস্থাপিত মৃত্যুকে বয়ঃনির্দিষ্ট মৃত্যুর হার বলে।

The crude death rates by district have been shown in Map 4.1 at the end of this chapter.

### 4.1.2 Age-Specific Death Rates

Like fertility, the deaths can be distributed by age and the resulting rates are called age-specific death rates.

**Definition 4.2:** The age-specific death rate for persons of a given age  $x$  (or for a given age interval) is the number of persons who died at age  $x$  (or in the same age group) in a specified year divided by the population age  $x$  in the middle of the year.

সাধারণত প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে এ মৃত্যুহার প্রকাশ করা হয় এবং পুরুষ ও মহিলাদের জন্য সেটি পৃথকভাবে হিসাব করা যেতে পারে। পল্লি ও শহরে বাসস্থান এবং বয়স ও লিঙ্গের ভিত্তিতে এসভিআরএস ২০২১-এর জরিপ এলাকায় অন্তর্ভুক্ত হওয়া মৃত্যুর পরিসংখ্যান ‘সারণি ৪.২’-এ দেখানো হয়েছে। বয়সভিত্তিক মৃত্যুহারের স্বাভাবিক ফলাফলসমূহ উল্লেখিত সারণিতে দেখানো হয়েছে। পরিসংখ্যানে দেখা যায়, সর্বোচ্চ মৃত্যুহার দেখা যায় বাল্য বয়সে। এরপর বয়স বাড়ার ফলে মরণশীলতার ঝুঁকি কমে থাকে, সে সঙ্গে বয়সভিত্তিক মৃত্যুহারও কমে থাকে। কম মৃত্যুহারের এ প্রবণতা ২৫ থেকে ২৯ বছর বয়স পর্যন্ত অব্যাহত থাকে। এরপর বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ফের মৃত্যুহার বাড়তে থাকে। বিশেষ করে যাদের বয়স ৫০ বা এর অধিক, তাদের ক্ষেত্রে এ বিষয়টি অত্যন্ত প্রাসঙ্গিক। ৮০ বছর ও তদুর্ধ্ব বয়সের একজন ব্যক্তির মৃত্যুমুখে পতিত হওয়ার আশঙ্কা ৭৫-৭৯ বছর বয়সী ব্যক্তির তুলনায় প্রায় ৫৪ শতাংশ বেশি। সংগৃহীত তথ্য থেকে অনুমান করা যায়, ২০২১ সালে এ দুটি শ্রেণির বয়স্ক ব্যক্তিদের দীর্ঘদিন বেঁচে থাকার সম্ভাবনা কমা বিশেষ করে ৮০ বছর বা তদুর্ধ্ব শ্রেণির ক্ষেত্রে এটি বেশি প্রযোজ্য। এ ধরনের মৃত্যু প্রত্যাশিত আয়ুষ্কালে নেতিবাচক ফল প্রদান করে।

জরিপে একটি বিষয় লক্ষ করা গেছে, শহর, পল্লি ও বয়সের ভেদাভেদ নির্বিশেষে পুরুষদের মধ্যে মৃত্যুহার নারীদের তুলনায় বেশি। এ বিষয়টি নারীদের প্রত্যাশিত আয়ুষ্কাল বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

The rate is usually expressed per 1000 population and can be calculated for males and females separately. The rates calculated for the sample areas by age and sex and by urban-rural residence based on the SVRS 2021 are shown in Table 4.2. The usual pattern of mortality by age is reflected in the rates presented in the table under reference: it is the highest during infancy, thereafter tends to decrease as the risk of dying decreases as age advances and this pattern continues roughly till age 25-29 when it shows an upward trend due to higher risk of mortality at advanced ages. It is particularly true for those who are over age 50. A person aged 80 years and above is about 54 percent more likely as the person aged 75-79 years to die. The recorded data tend to indicate that the oldest persons of these two groups in 2021 have lower chance of survival, especially the latter group, compared to the previous year. This is likely to contribute negatively to the expectation of life.

It is important to note that the males are more likely to experience higher mortality at all ages irrespective of whether they come from urban areas or rural areas. This is also contributing to the rise of higher expectation of life among the female population.

**Table 4.2: Age specific death rates (ASDR) per 1000 population by residence, SVRS 2021**

Age group	Rural			Urban			Total		
	Male	Female	Both sexes	Male	Female	Both sexes	Male	Female	Both sexes
<1	31.9	26.2	29.2	25.9	28.8	27.3	29.6	25.8	27.7
1-4	1.7	1.5	1.6	1.5	1.2	1.4	1.6	1.4	1.5
5-9	0.7	0.3	0.5	1.0	0.8	0.9	0.8	0.4	0.6
10-14	0.4	0.4	0.4	0.2	0.3	0.2	0.4	0.4	0.4
15-19	1.2	0.8	1.0	0.4	0.3	0.4	1.0	0.7	0.8
20-24	1.6	1.1	1.4	1.3	1.1	1.2	1.5	1.1	1.3
25-29	1.0	1.1	1.1	1.3	1.5	1.4	1.1	1.2	1.1



Age group	Rural			Urban			Total		
	Male	Female	Both sexes	Male	Female	Both sexes	Male	Female	Both sexes
30-34	1.5	1.3	1.4	1.6	1.0	1.3	1.5	1.2	1.3
35-39	2.2	1.8	2.0	1.2	1.2	1.2	1.9	1.6	1.7
40-44	3.2	2.6	2.9	2.9	2.5	2.7	3.0	2.5	2.7
45-49	6.2	4.4	5.3	4.1	4.3	4.2	5.4	4.2	4.8
50-54	8.4	6.2	7.3	10.1	7.5	8.8	8.5	6.2	7.4
55-59	14.3	10.0	12.0	17.9	9.7	14.0	14.5	9.5	12.0
60-64	19.4	16.0	17.8	19.5	14.6	17.4	18.7	15.2	17.0
65-69	36.4	24.3	30.5	37.4	26.5	32.3	35.2	23.8	29.7
70-74	43.1	41.1	42.1	49.9	36.1	43.7	42.8	38.8	40.9
75-79	70.8	51.7	61.7	59.9	60.0	59.9	66.5	51.2	59.2
80-84	102.7	88.0	95.4	115.4	67.8	91.1	101.0	81.6	91.3
85-89	123.2	94.3	107.3	135.2	105.0	119.0	120.7	92.5	105.3
90+	131.1	123.3	126.6	133.2	114.7	121.5	126.9	117.8	121.5
CDR	7.0	5.4	6.2	6.0	4.3	5.1	6.5	5.0	5.7

এক বছরের কম বয়সীদের মধ্যে সামগ্রিক মৃত্যুর হার প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে ২৭.৭। ২০১৯ সাল থেকে এক বছরের নিচের বয়সীদের এ মৃত্যুহারে কার্যত কোনো পরিবর্তন দেখা যায় নি। সামগ্রিকভাবে ছেলেশিশুদের মধ্যে মরণশীলতার হার মেয়েশিশুদের তুলনায় বেশি। এক বছরের নিচে ছেলেশিশুদের মরণশীলতার অনুপাত প্রতি হাজারে ২৯.৬। মেয়েশিশুদের ক্ষেত্রে ২৫.৮। শহরাঞ্চলের শিশুদের তুলনায় পল্লি এলাকার শিশুদের মৃত্যুর ঝুঁকি প্রায় ৭ শতাংশ বেশি। বয়ঃনির্দিষ্ট হারের সামগ্রিক মরণশীলতার এ ধরন শহর-পল্লিভিত্তিক বাসস্থান এবং লিঙ্গ পরিচয় অনুসারে একই সারণির পাশাপাশি চিত্র ৪.১ ও চিত্র ৪.২-তে উপস্থাপন করা হয়েছে।

The overall death rate under one year of age is 27.7 per 1000 population, showing virtually no change since 2019. Overall, male infants are more susceptible to death than their female counterparts: 29.6 versus 25.8. Rural infants have nearly 7 percent higher risk of dying than the infants in urban areas. The overall pattern of the age-specific rates in the same table as well as figure 4.1 and figure 4.2 by urban-rural residence and by sex.

Figure 4.1: Age Specific Death Rates (ASDR) by residence, SVRS 2021





Figure 4.2: Age specific death rates (ASDR) by sex, SVRS 2021



‘সারণি ৪.৩’-এ প্রশাসনিক বিভাগভিত্তিক বয়ঃনির্দিষ্ট মৃত্যুর হার উপস্থাপন করা হয়েছে। বার্ষিক্যজনিত মৃত্যুর হার (৯০+ বয়সে) সিলেট বিভাগে সর্বোচ্চ (১৬৯.৪)। এর পরের অবস্থানে আছে রাজশাহী বিভাগ। সেখানে এ বয়সভিত্তিক গোষ্ঠীর মধ্যে প্রতি হাজারে মৃত্যুহার ১৩৯.১। ৮০ বছরের বেশি বয়সীদের মধ্যে ২০২০ সালে সর্বোচ্চ মৃত্যুর হার প্রত্যক্ষ করা গেছে সিলেট বিভাগে। ওই বয়সীদের মধ্যে প্রতি হাজারে মৃত্যু রেকর্ড করা হয়েছিল ১১২.৬। এর পরের অবস্থানে থাকা খুলনা বিভাগে এ বয়সভিত্তিক গোষ্ঠীর মধ্যে প্রতি হাজারে মৃত্যুহার ৮৯.৮। বৃদ্ধ বয়সীদের সামগ্রিক মৃত্যুহারের ধরন পর্যালোচনা করে দেখা যায়, বিভাগীয় পর্যায়ে বার্ষিক্যজনিত মৃত্যুহার উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে।

বয়ঃনির্দিষ্ট মৃত্যুর হার ৫০ বছর বয়সের পরে দ্রুত বৃদ্ধি পায়। মৃত্যুহারের এ ধরনটি কোনো ব্যতিক্রম ছাড়াই সব প্রশাসনিক বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য।

Table 4.3 presents the age-specific death rates by administrative divisions. The old-age mortality (at age 90+) is the highest (169.4) in Sylhet division followed by Rajshahi division (139.1). In 2020, the highest mortality at age 80+ was recorded for Sylhet division (112.6) followed by Khulna division (89.8). Following the overall mortality pattern at old ages, the divisional levels also dictate that old age mortality has fallen to a considerable extent.

The age-specific death rates appear to rise sharply after the age of 50 years. This pattern is prevalent for all the divisions without any exception.

Table 4.3: Age-specific death rate (ASDR) per 1000 population by division, SVRS 2021

Age	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	Total
<1	30.4	29.9	26.5	23.3	39.5	28.8	20.7	27.7	27.7
1-4	2.6	2.0	1.1	1.1	1.5	1.1	1.2	1.9	1.5
5-9	0.4	0.6	0.5	0.1	0.7	1.1	0.7	0.6	0.6
10-14	0.3	0.4	0.2	0.4	0.4	0.4	0.4	0.5	0.4
15-19	1.0	0.9	0.6	0.7	1.0	1.1	1.0	0.5	0.8
20-24	1.0	1.4	1.3	0.6	1.0	2.3	0.6	1.4	1.3
25-29	0.1	1.2	1.5	0.7	0.9	1.2	1.1	1.0	1.1
30-34	1.7	1.3	1.4	1.0	1.5	1.0	1.3	1.5	1.3

Age	Barishal	Chattogram	Dhaka	Khulna	Mymensingh	Rajshahi	Rangpur	Sylhet	Total
35-39	2.3	2.2	1.4	1.7	1.3	2.2	1.5	1.4	1.7
40-44	2.1	2.6	2.7	2.9	3.0	2.6	2.4	4.2	2.7
45-49	4.2	6.0	4.1	4.7	4.3	5.4	4.4	5.9	4.8
50-54	8.7	7.6	7.0	6.6	8.9	6.9	6.9	8.2	7.4
55-59	9.9	14.0	14.9	10.7	9.7	8.6	11.0	12.4	12.0
60-64	19.4	19.7	15.0	16.0	15.8	17.2	14.3	24.6	17.0
65-69	28.8	35.9	28.5	25.3	28.7	28.7	26.7	37.7	29.7
70-74	42.2	46.1	39.4	33.9	53.4	40.0	37.8	34.3	40.9
75-79	40.6	63.9	46.9	67.8	66.6	69.9	50.4	80.5	59.2
80-84	76.2	98.9	80.5	114.0	75.7	92.1	102.3	80.1	91.3
85-89	98.7	134.3	97.4	100.5	139.9	112.1	59.3	93.6	105.3
90+	142.0	123.6	111.1	127.6	73.3	139.1	122.4	169.4	121.5
Total	6.1	6.1	5.1	5.9	6.2	6.2	5.2	5.8	5.7

## ৪.২ শিশুবয়স্কালীন মৃত্যুহার

মানব জনসংখ্যার মধ্যে মধ্যবয়সী গোষ্ঠীর জনসংখ্যার তুলনায় নবজাতক ও বয়স্কদের মৃত্যুহার সবচেয়ে বেশি। একটি সম্প্রদায়ের মধ্যে এক বছরের কম বয়সী শিশু এবং এক বছরের বেশি বয়সী শিশুদের মধ্যে মৃত্যুহার অন্য আরও কারণের পাশাপাশি যেসব বিষয়ের ওপর নির্ভর করে, তার মধ্যে রয়েছে শিশুর মা ও তাদের শিশুদের চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সুবিধা। এক বছরের কম বয়সী শিশু ও এক বছরের বেশি বয়সী শিশুমৃত্যুর হার একটি দেশের আর্থসামাজিক পরিস্থিতি এবং জীবনযাত্রার মানের মৌলিক সূচকসমূহের অন্যতম। এ মৃত্যুহারের ওপর ভিত্তি করে জনসংখ্যার মূল্যায়ন নির্ধারণের পাশাপাশি কার্যকরী স্বাস্থ্য-সংক্রান্ত কর্মসূচি নীতি গ্রহণ করা হয়। স্বাস্থ্য ও পুষ্টি-সংক্রান্ত কর্মসূচির গতি-প্রকৃতি কেমন হওয়া উচিত, তা নির্ধারণের ক্ষেত্রেও এক বছরের নিচের বয়সের শিশু এবং এক বছরের বেশি বয়সের শিশুর মৃত্যুহার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

শিশুমৃত্যুর হার সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়। বিশেষ করে মহামারি-সংক্রান্ত ঝুঁকি (রোগ সংক্রমণের সংস্পর্শে আসা), পুষ্টির ঘাটতি (রোগ এবং মৃত্যু-সংক্রান্ত সংবেদনশীলতা) এবং একটি দেশের স্বাস্থ্য ও সামাজিক পরিবেশ খাতে নিহিত স্বাস্থ্যবিষয়ক ঝুঁকি প্রতিরোধ ও প্রশমিত করে বেঁচে থাকার সংগ্রাম পরিচালনাকালে এ ধরনের পরিবর্তন পরিলক্ষিত হয়।

এসভিআরএস জরিপে কম বয়সী শিশুদের মৃত্যুহারের বিষয়ে তথ্য বেরিয়ে এসেছে। নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলোর ভিত্তিতে এ মৃত্যুহার পরিমাপ করা হয়েছে:

- (ক) এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার
- (খ) নবজাতকের মৃত্যুহার
- (গ) এক মাস থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার

## 4.2 Early Childhood Mortality

In human population, newborns, and elderly experience the highest mortality compared to the population of middle-aged groups. Mortality among infants and children is dependent upon, among others, the medical and health care facilities provided to the mothers and their children in the community. Infant and child mortality rates are the basic indicators of a country's socio-economic situation and quality of life. They are used to monitor and evaluate population and health programs and policies. The rates of infant and childhood mortality are also useful in identifying promising directions for health and nutrition programs.

Rates of childhood mortality vary over time in relation to changes in the epidemiological risks (exposure to disease), nutritional deficits (susceptibility to disease and death), and the extent to which a country's health and social service sectors prevent and mitigate these threats to health and survival.

The SVRS obtained information on early childhood mortality that permits the computation of the following rates:

- (a) Infant mortality rate
- (b) Neo-natal mortality rate
- (c) Post neo-natal mortality rate
- (d) Child mortality rate and
- (e) Under-five mortality rate.

(ঘ) এক থেকে চার বছর বয়সী শিশুর মৃত্যুহার

(ঙ) পাঁচ বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার

যেহেতু গর্ভধারণের সময় এবং জন্মের পর প্রথম বছরের মধ্যে শিশুর মরণশীলতাকে নানা কারণ প্রভাবিত করে, তাই এ সময়ে শিশুদের মৃত্যুহার পরিমাপের জন্য পুরো সময়কালকে কয়েকটি উপ-ভাগে ভাগ করে পৃথক সূচকের ভিত্তিতে মৃত্যুহার হিসাব করা হয়েছে। এ বিষয়ে সারণিতে প্রথম এক বছর সময়কালের উপ-বিভাগভিত্তিক পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। সারণিতে এক বছর সময়কালের বাইরের মৃত্যুহারকেও তুলে ধরা হয়েছে। একটি বিষয় মনে রাখা দরকার, তা হলো এ হারগুলো একটি নির্দিষ্ট মৃত্যুহার বা কেন্দ্রীয় মৃত্যুহারকে নির্দেশ করে। এটি সামগ্রিক মৃত্যুহার নয়। এ পরিমাপকগুলোর প্রধান ত্রুটি হলো, এগুলোতে কোনো নির্দিষ্ট বয়সের শিশুর মৃত্যুর ঝুঁকিকে প্রকৃত অর্থে সুনির্দিষ্টভাবে বর্ণনা করে না বা মৃত্যুর সত্যিকারের সম্ভাব্য কারণ উল্লেখ থাকে না। তবে, এ হারগুলোকে সম্ভাব্যতার ভিত্তিতে প্রকৃত মৃত্যুহারে রূপান্তর করা সম্ভাব্য রূপান্তরের পর যে হার পাওয়া যাবে, সেটিকে আমরা শিশুর মৃত্যুহার হিসেবে পরিগণিত করতে পারি। কিছু জনতাত্ত্বিক এ হারগুলোকে ‘কেন্দ্রীয় মৃত্যুর হার’ বলার পরিবর্তে ‘গতানুগতিক মৃত্যুহার’ শব্দযুগল ব্যবহারে আগ্রহী।

Since different causes affect mortality between the time of conception and the end of the first year after birth, these periods have been divided into several sub-intervals under different measurable indicators. The accompanying table shows some accepted sub-divisions of these periods. The table also sub-divides the deaths beyond these periods. Note that these rates are in the truest sense of the term, are the central death rates, not the mortality rates. The chief drawback of these rates is that they do not describe precisely the risk of dying for any actual cohort, or in other words, they are not truly probabilities. It is however possible to convert these rates into rates that represent the rates on probability basis, in which case we can call them mortality rates. Some demographers prefer to use the term conventional mortality rates in place of central death rates.

**Table 4.4: Sub-divisions of death by intervals**

Interval	Types of death	Conventional rate
(a) Deaths under 4 weeks of life	Neo-natal death	Neo-natal mortality rate
(b) Deaths between 4 weeks and under one year	Post-Neo-natal deaths	Post-Neo-natal mortality rate
(c) Deaths under one year of age	Infant deaths	Infant mortality rate
(d) Deaths between first and the fifth birthday	Child deaths	Child mortality rate
(e) Deaths between birth and fifth birthday	Under 5 deaths	Under 5 mortality rate

#### ৪.২.১ এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার

শিশুর প্রারম্ভিক জীবনের মৃত্যুহার পরিমাপে সবচেয়ে পরিচিত এবং সর্বাধিক সহজলভ্য পদ্ধতি হলো এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার (আইএমআর)। জনসংখ্যার বয়স বন্টনে এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুহারের একটি বড় প্রভাব রয়েছে।

ওপরের ‘সারণি ৪.৪’ থেকে আমরা বুঝতে পারি, এক বছরের কম বয়সী শিশু বলতে তাদেরই বোঝানো হয়েছে, যারা এখনো তাদের প্রথম জন্মদিন উদযাপনের সুযোগ পায়নি। এ ক্যাটেগরিতে এক বছরের কম বয়সী শিশু হিসেবে যাদের চিহ্নিত করা হয়েছে, তাদের বয়স নথিভুক্ত করা হয় ‘০’ হিসেবে। এক বছর বয়সে পৌঁছানোর আগেই যারা মৃত্যুবরণ করেছে, তাদের মৃত্যুর হার থেকে এক বছরের কম বয়সী শিশুর (ইফ্যান্ট) মৃত্যুহার গণনা করা হয়।

#### 4.2.1 Infant Mortality Rate

The best-known and most widely available measure of mortality in early life is the Infant Mortality Rate (IMR). Infant mortality has a great impact on the age distribution of the population.

As we can see in Table 4.4 above, infants are defined as those who are yet to celebrate their first birthday. All those who are under age 1 are infants and their ages are recorded as 0. The infant mortality rate is calculated from the deaths of those who died before reaching age one year.

**Definition 4.3:** Infant mortality rate refers to the number of deaths occurring during a given year among the live-born infants who have not yet reached their first birthday per 1000 live births during the same year.

২০২১ সালের এসভিআরএস জরিপে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুর সামগ্রিক হার প্রাক্কলিত হয়েছে ২০, যা তার আগের বছরের হার থেকে সামান্য হ্রাস পেয়েছে (সারণি ৪.৫ দ্রষ্টব্য)। ২০১৯ সালের এমআইসিএস-এর প্রাক্কলনে শিশুদের এ বয়সভিত্তিক গোষ্ঠীর মৃত্যুহার দেখানো হয়েছিল ৩৪। সম্ভাব্যতার ভিত্তিতে প্রকাশ করা এসভিআরএস উপাত্তে এ হার ছিল ২৫। ২০১৬ সালে আইসিডিডিআর,বি কর্তৃক পর্যবেক্ষণ করা নমুনা এলাকায় এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার পাওয়া গিয়েছিল ২২.১। তবে, এসভিআরএস জরিপের চার বছর পূর্বে ২০১৭-১৮ সময়ের বিডিএইচএস উপাত্তে এক্ষেত্রে মৃত্যুর আরও উচ্চ পরিলক্ষিত হয়েছিল। ওই ফলাফলে এ হার ছিল প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে ৩৮। আরও একবার এ হারটি সম্ভাব্যতার ভিত্তিতে প্রাক্কলন করা হয়েছে।

এক বছরের কম বয়সী শিশু মৃত্যুহারে শহর ও পল্লি অঞ্চল ভেদে তেমন কোনো ভিন্নতা নেই: ২২ বনাম ২১ যা ২০১৯ সালের পর থেকে অপরিবর্তিত দেখা যাচ্ছে। পূর্বের ধারাবাহিকতায় এবারও এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুর হারে কন্যাশিশুর মৃত্যুহার ছেলেশিশুর তুলনায় কম পরিলক্ষিত হয়েছে। প্রতি হাজারে ছেলেশিশুর মৃত্যু অনুপাত ২৩; বিপরীতে মেয়েশিশুর অনুপাত ২২।

২০২১ সালে শিশুমৃত্যুর হারে প্রশাসনিক বিভাগগুলোর মধ্যে উল্লেখযোগ্য ভিন্নতা পরিলক্ষিত হয়। এ শ্রেণিভুক্ত শিশুর মৃত্যুহার সবচেয়ে বেশি ময়মনসিংহ বিভাগে, প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ২৭ জন। আর সবচেয়ে কম রংপুর বিভাগে, ১৭ জন। এটি ২০২০ সালের ফলাফলের পুরোপুরি বিপরীত। ২০২০ সালে সবচেয়ে কম মাত্রায় এক বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার পাওয়া গিয়েছিল সিলেট বিভাগে, প্রতি হাজার জীবিত জন্মের বিপরীতে ১৫ এবং সবচেয়ে বেশি পাওয়া গিয়েছিল রংপুর বিভাগে ২৭। মুসলিম ও হিন্দু শিশুদের ক্ষেত্রে এ পর্যায়ে মৃত্যুঝুঁকি একই রকম; ২৪ বনাম ২৪। ছেলে ও মেয়েশিশুর মধ্যে মরণশীলতার ব্যবধান খুবই নগণ্য। প্রতি ১,০০০ জীবিত জন্মে ছেলে ও মেয়ের মরণশীলতায় পার্থক্য ২.০ জন। এক্ষেত্রে ছেলেশিশুর মৃত্যুহার হাজারে ২৩.০ এবং মেয়েশিশুর ক্ষেত্রে ২১.০। ২০২০ সালেও এক্ষেত্রে ব্যবধানটি এমনই ছিল। ছেলে ও মেয়েশিশুর মৃত্যুহারে ব্যবধান সবচেয়ে বেশি ঢাকা বিভাগে: ২৭ বনাম ১৬। আটটি বিভাগের মধ্যে পাঁচটিতে (ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট ও রাজশাহী) বাকি তিনটি বিভাগের তুলনায় পুরুষ শিশুদের মৃত্যুহার বেশি পরিলক্ষিত হয়েছে।

হিন্দুদের মধ্যে ছেলে ও মেয়েশিশুর মৃত্যুহার প্রায় একই রকম (১৭ বনাম ১৬.৯)। বিশ্লেষণে দেখা গেছে, মুসলিম ছেলেশিশুরা মেয়েশিশুদের তুলনায় বেশি হারে মৃত্যুবরণ করেছে। এক্ষেত্রে ছেলে ও মেয়ের অনুপাত যথাক্রমে ২৪ ও ২১। অন্যান্য ধর্মের বেলায়ও ছেলেশিশুরা মেয়েদের তুলনায় বেশি হারে মৃত্যুমুখে পতিত হয়। এক্ষেত্রে ছেলে ও মেয়ের মৃত্যুহার যথাক্রমে ১৯ ও ১৭।

The overall infant mortality rate is estimated to be 22 per 1000 live births in the SVRS areas in 2021 showing small decrease from its previous year's rate (see Table 4.5). MICS reported a rate on probability basis at 34 in 2019 which refers to probability of dying in infancy. The SVRS rate, when expressed on a probability basis stands at 25. The conventional infant mortality rate in icddr,b Surveillance areas in 2016 is 22.1. The BDHS 2017–18 however reported a much higher average rate (38 per 1000 live births) for 4 years preceding the survey. Once again, this rate was calculated also on probability basis.

The urban-rural differential is marginal: 22 versus 21 showing no change since its 2019 level. Keeping consistency with the previous year's rate, females are at a lower risk of dying in infancy having a rate of 22 for females as against a rate of 23 for males.

The infant mortality rate in 2021 shows substantial variations by administrative divisions, varying from as low as 17 in Rangpur division to as high as 27 in Mymensingh division. This is in sharp contrast with the results of 2020 when Sylhet division experienced the lowest (15) infant mortality rate and Rangpur division the highest (27). Muslim and Hindu babies have same risk of dying in infancy (24 versus 24). The overall male-female difference in the IMR is only but marginal: 2.0 per 1000 live births: 23.0 among the males and 21.0 among those who are females. This difference was of nearly the same extent in 2020. Male-female variation is the highest in Dhaka division: 27 versus 16. In five of the eight divisions (Dhaka, Chattogram, Mymensingh, Sylhet and Rajshahi) male infants are seen to experience higher mortality compared to the remaining three divisions.

Among the Hindus, male and female infant mortality rates are almost same (17 versus 16.9). Our findings further reveal that the Muslim male infants are marginally at a higher risk to die than their female counterparts: 24 versus 21. Male infants of religion labelled 'others' have significantly higher mortality than their female counterparts 19 vs 17.



Table 4.5: Infant mortality rates per 1000 live births by sex and background characteristics, SVRS 2021

Background Characteristics	Sex		
	Male	Female	Both sexes
<b>Residence</b>			
Rural	24	20	22
Urban	20	22	21
<b>Division</b>			
Barishal	20	29	24
Chattogram	25	22	24
Dhaka	27	16	22
Khulna	19	21	20
Mymensingh	28	26	27
Rajshahi	23	22	23
Rangpur	13	21	17
Sylhet	27	17	22
<b>Religion</b>			
Muslim	24	21	23
Hindu	17	17	17
Others	19	17	18
<b>Wealth Quintile</b>			
Poorest	27	28	27
Poorer	23	22	22
Middle	32	20	26
Richer	17	14	16
Richest	13	17	15
<b>Total</b>	<b>23</b>	<b>21</b>	<b>22</b>

### ৪.২.২ নবজাতকের মৃত্যুর হার

শিশুর প্রথম বছরে মৃত্যুর বিষয়টি বেশিরভাগ ক্ষেত্রে সংঘটিত হয় মূলত জন্মের প্রথম কয়েক সপ্তাহ ও মাসের মধ্যে। এছাড়া জন্মের প্রথম কয়েক সপ্তাহের শিশুমৃত্যুর কারণগুলো পরে সংঘটিত মৃত্যুর কারণ থেকে আলাদা। এ কারণগুলো বাহ্যিক ও অন্তর্গত উভয় ধরনের, যা প্রাথমিক জীবনে মৃত্যুহার পরিমাপ করার ক্ষেত্রে ভিত্তি হিসেবে কাজ করে। সেই কারণে এক বছরের নিচের বয়সী শিশুদের মৃত্যুর হারকে প্রায়ই দুটি শ্রেণিতে ভাগ করা হয়। এগুলো হলো- নবজাতকের মৃত্যুহার (এক মাসের কম বয়সী শিশু) এবং এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার। জন্মের প্রথম ২৮ দিনের মধ্যে (অর্থাৎ ৪ সপ্তাহের কম) যদি কোনো শিশুর মৃত্যু ঘটে, তাহলে সেই মৃত্যুকে নবজাতক মৃত্যু হিসেবে বিবেচনা করা হয়। প্রথাগতভাবে ধরে নেয়া হয়, এ সময়টাতে বাহ্যিক কারণে মৃত্যু ঘনীভূত হয়।

### 4.2.2 Neo-natal Mortality Rate

Deaths occurring during the first year of life tend to be concentrated in first few weeks and months. Also, during these early weeks, the causes of infant deaths tend to be different from those occurring later. These causes are exogenous and endogenous, which serve as basis for refining measures of mortality in early life. Because of this, infant mortality is often broken down into two parts: neo-natal and post-neonatal. Neo-natal mortality refers to the deaths in the first 28 days (i.e., under 4 weeks) of life, and is customarily assumed to be the period in which deaths from exogenous causes are concentrated.

**Definition 4.4:** Neo-natal mortality rate (NMR) is defined as the number of infants less than one month of age during a year per 1000 live births in the same year.

সারণি ৪.৬-এ কিছু মৌলিক বৈশিষ্ট্যের ভিত্তিতে ২০২১ সালে সংঘটিত এনএমআরের স্তর নির্দেশ করা হয়েছে। ২০২১ সালে সামগ্রিক এনএমআরের মান দাঁড়িয়েছে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে ১৬.০, যা ২০২০ ও ২০১৯ সালের এনএমআর থেকে কিছুটা ভিন্ন। পল্লি ও শহরাঞ্চলে নবজাতকের মৃত্যুর হারে কিছুটা পার্থক্য রয়েছে। পল্লি অঞ্চলে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে মৃত্যুর হার ১৫ জন এবং শহরে তা ১৬ জন।

ধর্মভিত্তিক হিসাবে দেখা যায়, মুসলিম ও হিন্দুদের মধ্যে নবজাতকের মৃত্যুর হারে তারতম্য রয়েছে। মুসলিমদের মধ্যে প্রতি ১,০০০ জীবিত জন্মে নবজাতকের মৃত্যুর হার ১৬, হিন্দুদের ক্ষেত্রে এ হার ১৩ জন। তবে, অমুসলিম শিশুদের মধ্যে এ হার কিছুটা বেশি পরিলক্ষিত হয় (১৬ বনাম ৪)। মুসলিম শিশু ব্যতীত হিন্দু ও অন্যান্য ধর্মের শিশুদের ক্ষেত্রে লিঙ্গভিত্তিক মৃত্যুহারের পার্থক্য চিহ্নিত করা হয়েছে। ২০১৭-১৮ সালের বিডিএইচএস প্রতিবেদনে নবজাতকের মৃত্যুর হার প্রাক্কলন করা হয়েছে প্রতি হাজার জীবিত জন্মে ৩০ জন, যা এসভিআরএস-এর হারের তুলনায় অনেক বেশি। এক্ষেত্রেও সম্ভাব্যতার ভিত্তিতে এ হার হিসাব করা হয়েছে, কারণ এসব তথ্যের সরাসরি তুলনামূলক বিশ্লেষণের সুযোগ নেই।

বিভিন্ন বিভাগীয় পর্যায়ে নবজাতকের মৃত্যুর হারের মধ্যে ব্যবধান বিদ্যমান। এ শ্রেণির শিশুদের মৃত্যুহার সবচেয়ে কম সিলেট বিভাগে; প্রতি ১,০০০ জীবিত জন্মে ১২ জন। অন্যদিকে, এ হার সবচেয়ে বেশি বরিশাল ও ময়মনসিংহ বিভাগে। সেখানে প্রতি ১,০০০ জীবিত জন্মে নবজাতকের মৃত্যুহার ১৮.০। চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগে ছেলে নবজাতকের মধ্যে সর্বোচ্চ (১৮) এনএমআর পরিলক্ষিত হয়। রংপুর ও বরিশাল বিভাগে মেয়ে নবজাতকদের মধ্যে মৃত্যুহার ছেলেদের তুলনায় বেশি। এসব মৃত্যুহার যথাক্রমে ১৪ বনাম ২৩ এবং ৯ বনাম ১৭।

Levels of NMR for the year 2021 by background characteristics have been presented in Table 4.6. The overall NMR is 16.0 deaths per 1000 live births in 2021 showing small change since its 2020 and 2019 levels. There is a slight difference in infant mortality rates in rural and urban areas observed, each with 15 and 16 per 1000 live births.

Religion revealed a different scenario among the Muslims and Hindus with a prevalence of 16 and 13 per 1000 live births. The non-Muslim infants however, experience somewhat higher rate. (16 vs 4). Sex-differentials are marked between the Hindus and other than the Muslim infants. The overall NMR as reported in BDHS 2017–18 is 30, a much higher rate than SVRS rate. Once again, this rate is computed on probability basis and hence is not directly comparable.

The Neo-natal mortality rate varies from as low as 12 deaths per 1000 live births in Sylhet divisions to as high as 18.0 deaths per 1000 live births in Barishal and Mymensingh division. Chattogram and Mymensingh division shows the highest (18) NNR among the male neonates. Female neonates of Rangpur and Barishal division are the worst sufferers experiencing higher mortality than their male counterparts: 14 vs 23 and 9 Vs 17 respectively.

**Table 4.6: Neo-natal mortality rates (NMR) per 1000 live births by background characteristics, SVRS 2021**

Background Characteristics	Sex of the neonates		
	Male	Female	Both sexes
<b>Residence</b>			
Rural	16	14	15
Urban	15	17	16
<b>Division</b>			
Barishal	14	23	18
Chattogram	18	12	15
Dhaka	17	14	16
Khulna	16	17	16

Background Characteristics	Sex of the neonates		
	Male	Female	Both sexes
Mymensingh	18	18	18
Rajshahi	17	17	17
Rangpur	9	17	13
Sylhet	14	9	12
<b>Religion</b>			
Muslim	16	15	16
Hindu	15	11	13
Others	9	0	4
<b>Wealth Quintile</b>			
Poorest	15	19	17
Poorer	16	16	16
Middle	23	16	20
Richer	13	10	11
Richest	10	13	12
<b>Total</b>	<b>16</b>	<b>15</b>	<b>16</b>

২০১৭-১৮ সময়ের বিডিএইচএস প্রতিবেদনে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে নবজাতকের মৃত্যুহার দেখানো হয়েছে ৩০ জন। অন্যদিকে, ২০১৬ সালের এইচডিএসএস (আইসিডিডিআর,বি) প্রতিবেদনে এ হার পরিলক্ষিত হয় ১৬.৭। ২০১৯ সালের এমআইসিএস উপাত্তে সম্ভাব্যতার ভিত্তিতে এ হার নিরূপণ করা হয়েছিল। তখন এ হার পাওয়া গিয়েছিল ২৬। এমআইসিএস-এর পরোক্ষ পদ্ধতি অনুসরণ করে ২০২১ সালের এসভিআরএসে নবজাতকের মৃত্যুর হার দাঁড়িয়েছে ১৬ জনে।

#### ৪.২.৩ এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার

এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার (পিএনএমআর) বলতেও এক বছরের নিচের বয়সী শিশুর মরণশীলতাকে বোঝায়। কিন্তু এ ধাপে কেবল এক থেকে ১১ মাস বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করা হয়েছে। এসভিআরএস-এর আওতাভুক্ত জনগোষ্ঠীর কিছু নির্বাচিত বৈশিষ্ট্যের ভিত্তিতে ২০২১ সালে এ বয়সভিত্তিক গোষ্ঠীর মৃত্যুহার ‘সারণি ৪.৭’-এ উপস্থাপন করা হয়েছে। এক থেকে ১১ মাস বয়সী শিশুদের মৃত্যুহারের একটি আনুষ্ঠানিক সংজ্ঞা নিচে দেওয়া হলো:

**Definition 4.5:** Post Neo-natal Mortality Rate (PNMR) is the number of deaths of infants of age 1 month through 11 months per 1000 live births in a given year.

The Neo-natal mortality rate in BDHS 2017–18 was reported at 30 deaths per 1000 live births, while this rate as observed in HDSS (icddr,b) in 2016 was 16.7. The rates calculated on probability basis in MICS for 2019 is 26. Following MICS indirect approach, the SVRS rate of neonatal mortality stands at 16 in 2021.

#### 4.2.3 Post Neo-natal Mortality Rate

Post Neo-natal Mortality Rate (PNMR) is also a mortality index of infants but limited to the children of age 1 month to 11 months old. The rates obtained from the SVRS 2021 data have been presented in Table 4.7 by a few selected background characteristics of the survey population under study. A formal definition of post-neonatal mortality rate is as follows:

২০২১ সালে সামগ্রিকভাবে এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার পাওয়া গেছে প্রতি ১,০০০ জীবিত জন্মগ্রহণকারী শিশুর বিপরীতে ৬.০ জন। মৃত্যুর এ হার ২০১৯ ও ২০২০ সালে একই মাত্রায় অবস্থান করছিল। এ হারের সঙ্গে তুলনীয় আরও কিছু উপাত্ত

The overall post neo-natal mortality rate for 2021 was estimated to be 6.0 deaths per 1000 live births as against a rate of same magnitude in last two years 2019 and 2020. The comparable rate as

পাওয়া গিয়েছিল ২০১৭-১৮ সময়ের বিডিএইচএস প্রতিবেদনো ওই প্রতিবেদনে এ হার লিপিবদ্ধ করা হয়েছিল প্রতি হাজারে ৮ জন। ২০১৯ সালের এমআইসিএস প্রতিবেদনেও এ হার ৮ জন বলে উল্লেখ করা হয়েছে। একই সারণিতে পল্লি এলাকা ও শহুরে বাসস্থান এবং প্রশাসনিক বিভাগ ও ধর্মের ভিত্তিতে এ মৃত্যুহার তুলে ধরা হয়েছে।

সারণি থেকে প্রত্যক্ষ করা যায়, এক থেকে ১১ মাস বয়সী ছেলে ও মেয়েশিশুর মৃত্যুহারের মধ্যে কিছু পার্থক্য রয়েছে। প্রতি ১,০০০ জীবিত জন্মে এ বয়সভিত্তিক শিশুদের মধ্যে ছেলেদের মৃত্যুহার হার ৭ জন এবং মেয়েদের ক্ষেত্রে তা ৬ জন। শহরাঞ্চলের তুলনায় পল্লি অঞ্চলে এ হার কিছুটা কম: প্রতি ১,০০০ জীবিত জন্মে ৫ বনাম ৭।

প্রশাসনিক বিভাগগুলোয় এ মৃত্যুহার তীক্ষ্ণভাবে প্রত্যক্ষ করলে দেখা যায়, সিলেট বিভাগে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার সবচেয়ে বেশি; ১০ জন। এর পরের অবস্থানে আছে যথাক্রমে ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগ। এ বিভাগ দুটিতে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে এ বয়সী শিশুর মৃত্যুহার যথাক্রমে ৯ ও ৮ জন। অন্যান্য ধর্মের নবজাতকদের তুলনায় মুসলিম ও হিন্দু নবজাতকদের মধ্যে মরণশীলতার এ অনুপাত প্রায় অর্ধেক। গত দুই বছরে ১ থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহারে কোনো পরিবর্তন লক্ষ করা যায় নি।

সিলেট, ময়মনসিংহ ও ঢাকা বিভাগে প্রতি ১,০০০ জীবিত জন্মের বিপরীতে এক থেকে ১১ মাস বয়সী শিশুর মৃত্যুহার মেয়ে শিশুদের তুলনায় বেশি।

obtained in 2017–18 BDHS is 8 per 1000 live births, while MICS’s 2019 indirect estimate is 8. The rates by sex have also been compared in the same table by urban-rural residence, administrative divisions, and religion.

As can be noted, the post neo-natal mortality rates for male and female births slightly differ from each other, being a rate of 7 and 6 per 1000 live births. The rate in the urban areas is somewhat lower than in the rural areas: 5 versus 7 per 1000 live births.

